# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Jaistha 11, 1433 Bangla, May 25, 2026, Monday, No. 142, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has ordered to remove Eid sacrificial animal waste within 12 hours and immediate implementation of automatic traffic signal systems in capital. (Jago News: 08)

Court has accepted charge sheet against two accused in rape and murder case of child Ramisa and fixed June 1 as the hearing date. (BBC: 03)

Home Minister has expressed hope that India will return former Prime Minister Sheikh Hasina to Bangladesh under the existing extradition treaty. (Jago News: 10)

Information and Broadcasting Minister has said information is the greatest power in digital age and it's important to build modern digital capabilities for effective public relations. (Jago News: 09)

Government has introduced counterfeit note detection machines and banking services to ensure security at the sacrificial animal market and prevent forged money. (Jago News: 11)

Election Commission has warned of legal action against 21 candidates for 13th National Parliament election who haven't yet submitted their election expenditure accounts. (Jago News: 14)

Bangladesh's ready-made garment export earnings to EU countries have decreased 19.26 percent in 2026. (Jago News: 12)

DMTCL has announced a 25 percent special discount on single-journey tickets on Metrorail for senior citizens and people with disabilities or special needs. (Jago News: 16)

Another 16 children have died from measles-like symptoms across the country. (Jago News: 14)

Three Bangladeshis have been killed in a landmine explosion at Naikhongchhari zero line on Myanmar border. (Jago News: 12)

Indian state government has ordered to establish "holding centers" in every district of West Bengal to detain Bangladeshi and Rohingya infiltrators. (BBC: 05)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ১১, বাংলা ১৪৩৩, মে ২৫, ২০২৬, সোমবার, নং- ১৪২, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান ঈদে কোরবানির বর্জ্য ১২ ঘন্টার মধ্যে অপসারণ এবং রাজধানীতে অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা দ্রুত চালুর নির্দেশ দিয়েছেন। (জাগো নিউজ: ০৮)

শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় আদালত দুই আসামির বিরুদ্ধে অভিযোগপত্র গ্রহণ করে ১ জুন শুনানির দিন নির্ধারণ করেছে। (বিবিসি: ০৩)

বন্দি বিনিময় চুক্তি অনুযায়ী, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত ফেরত পাঠাবে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। (জাগো নিউজ: ১০)

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, ডিজিটাল যুগে তথ্যই সবচেয়ে বড় শক্তি এবং কার্যকর জনসংযোগে আধুনিক ডিজিটাল সক্ষমতা গড়ে তোলা জরুরি। (জাগো নিউজ: ০৯)

কোরবানির পশুর হাটে নিরাপত্তা নিশ্চিত ও জাল টাকা প্রতিরোধে জাল নোট শনাক্তকারী মেশিন ও ব্যাংকিং সেবা চালু করেছে সরকার। (জাগো নিউজ: ১১)

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ২১ জন প্রার্থী এখনো নির্বাচনি ব্যয়ের হিসাব জমা না দেওয়ায়, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে নির্বাচন কমিশন। (জাগো নিউজ: ১৪)

২০২৬ সালে ইউরোপীয় ইউনিয়নের দেশগুলোতে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি আয় কমেছে ১৯.২৬ শতাংশ। (জাগো নিউজ: ১২)

দেশের জ্যেষ্ঠ নাগরিক ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য মেট্রোরেলে একক যাত্রা টিকিটে ২৫ শতাংশ বিশেষ ছাড় দেওয়ার ঘোষণা দিয়েছে ডিএমটিসিএল। (জাগো নিউজ: ১৬)

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১৬ শিশুর মৃত্যু। (জাগো নিউজ: ১৪)

মিয়ানমার সীমান্তের নাইক্ষ্যংছড়ি শূন্যরেখায় স্থলমাইন বিস্ফোরণে তিন বাংলাদেশি নিহত। (জাগো নিউজ: ১২)

বাংলাদেশি ও রোহিঙ্গা অনুপ্রবেশকারীদের আটকে রাখতে পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় ‘হোল্ডিং সেন্টার’ তৈরির নির্দেশ দিয়েছে ভারতের রাজ্য সরকার। (বিবিসি: ০৫)

# বিবিসি

## রামিসা হত্যা মামলায় অভিযোগপত্র জমা, শুনানি পহেলা জুন

ঢাকার পল্লবীর সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার মামলায় দুই আসামির বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র দিয়েছে পুলিশ। এর পরেই মামলাটি বিচারের জন্য শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে পাঠানোর আদেশ দেওয়া হয়। পরে ওই ট্রাইব্যুনালের বিচারক অভিযোগপত্র আমলে নিয়ে পহেলা জুন শুনানির তারিখ নির্ধারণ করেছেন। রোববার বিকাল সাড়ে ৩টার কিছু পরে তদন্ত কর্মকর্তা অভিযোগপত্র দাখিল করেন। মহানগর আদালত অভিযোগপত্রটি সংশ্লিষ্ট শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে পাঠিয়ে দেন। এরপর সেই আদালতের বিচারক অভিযোগপত্রটি আমলে নিয়ে পহেলা জুন শুনানির তারিখ নির্ধারণ করেন। শুনানির পর চার্জশিট বা অভিযোগপত্রটি গ্রহণ করা হলে বিচারিক কার্যক্রম শুরু হয়ে যাবে। এর আগে, সকাল সাড়ে ১১টার দিকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টে আনা হয় এই মামলার প্রধান অভিযুক্ত সোহেল রানা ও তার স্ত্রী রুপা আক্তারকে। এর আগে, দুপুরে সচিবালয়ের এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, চার্জশিট দাখিলের পর পাঁচ থেকে সাতদিনের মধ্যে বিচারিক কাজ সম্পন্ন হবে। চার্জশিটে এই ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি করা হয়েছে সোহেল রানাকে। তার সহযোগী হিসেবে অভিযুক্ত করা হয়েছে তার স্ত্রী স্বপ্না আক্তারকে। আদালতে শুনানি শেষে রাষ্ট্রপক্ষের আইনজীবী ওমর ফারুক ফারুকী জানান, "এই মামলাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মামলা। রাষ্ট্রপক্ষ দোষীদের সর্বোচ্চ সাজার প্রত্যাশা করেছে। আদালত শুনানি শেষে অভিযোগ আমলে নিয়েছে। আগামী পহেলা জুন এই মামলার অভিযোগ গঠনের শুনানি অনুষ্ঠিত হবে।" আসামিপক্ষে কোনো আইনজীবী ছিলেন না। আগেই ঢাকা আইনজীবী সমিতি ঘোষণা দিয়েছিল যে, অভিযুক্তদের পক্ষে কেউ দাঁড়াবেন না।

শনিবার এই মামলার বিচারিক কার্যক্রম দ্রুত শেষ করতে বিশেষ পাবলিক প্রসিকিউটর (স্পেশাল পিপি) হিসেবে সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ আজিজুর রহমান দুলুকে নিয়োগ দিয়েছে সরকার। এর আগে, আটকের পর গত বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারকের খাস কামরায় ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় দোষ স্বীকার করে জবানবন্দি দিয়েছেন প্রধান আসামি সোহেল রানা। শনিবার সিআইডি থেকে মামলার ডিএনএ, ময়নাতদন্ত ও ভিসেরা রিপোর্ট তদন্ত কর্মকর্তার কাছে হস্তান্তর করা হয়। গত ২১ মে রাতে রামিসার বাসা পরিদর্শন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ওইদিনই স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছিলেন, রোববারের মধ্যে আদালতে চার্জশিট দাখিল করা হবে। একইসঙ্গে আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, ঈদের আগেই চার্জশিট দাখিল সম্ভব হলে ঈদের পরপরই বিচারিক কার্যক্রম শুরু করা যাবে। গত ১৯ মে সকালে পল্লবীর মিরপুর-১১ নম্বর এলাকায় নিজেদের বাসার পাশের ফ্ল্যাটের একটি কক্ষ থেকে রক্তাক্ত ও খণ্ডিত অবস্থায় উদ্ধার করা হয় শিশু রামিসার মৃতদেহ। ঘটনার পরদিনই নিহত শিশুর বাবা আব্দুল হান্নান মোল্লা বাদী হয়ে পল্লবী থানায় মামলা দায়ের করলে পুলিশ সোহেল রানা ও তার স্ত্রীকে আটক করে। নৃশংস এই হত্যা ও ধর্ষণের ঘটনার পর দেশজুড়ে নানা প্রতিবাদ চলছে। বিভিন্ন কর্মসূচি পালন করছে বিভিন্ন সংগঠন ও নানা শ্রেণি-পেশার মানুষ। তার ঘটনার সুষ্ঠু তদন্ত ও দ্রুত বিচারেরও দাবি জানিয়ে আসছে।

### পাঁচ থেকে সাত দিনের মধ্যেই বিচার : স্বরাষ্ট্রমন্ত্রী

রোববার সচিবালয়ে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে রামিসা হত্যাকাণ্ডের ঘটনা নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম বা বিএসআরএফ আয়োজিত 'বিএসআরএফ সংলাপে' তিনি এই কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "রামিসাকে ধর্ষণ ও হত্যার পর পালিয়ে যাওয়া আসামিকে সাত ঘণ্টার মধ্যে গ্রেফতার করা হয়েছে। আসামি একদিনের মধ্যে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। সহযোগী অপরাধী হিসেবে তার স্ত্রীকেও গ্রেফতার করা হয়েছে।" তিনি বলেন, "আমরা দ্রুত আদালতের অনুমতি নিয়ে ডিএনএ টেস্ট করিয়েছি। সেই টেস্ট তিনদিনের সময় লাগে, তিনদিনের মধ্যে সেটা সমাপ্ত হয়েছে। রিপোর্ট কালকে বিকেলে জমা দেওয়া হয়েছে। পোস্টমর্টেম রিপোর্টটা এরই মধ্যে আমরা হাতে পেয়েছি।" স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "এগুলো সব একসঙ্গে করে, কম্পাইল করে চার্জশিট প্রণয়নের কাজটা কাল রাতের মধ্যে সমাপ্ত হয়েছে।" মি. আহমদ বলেন, "আদালতের ছুটি থাকলেও এ মামলার দ্রুত বিচার নিশ্চিত করতে বিশেষ আদালতের ছুটি চিফ জাস্টিস বাতিল করার চিন্তা করছেন, এটা আইন মন্ত্রণালয় ডিল করছে।" তিনি বলছিলেন, "শুধু এই মামলাটি ডিল করার জন্য আমরা একজন স্পেশাল পিপি নিয়োগ করেছি। সবকিছু বিবেচনায় আমরা আশা করছি যে, আজকের মধ্যেই চার্জশিট দেওয়া হবে এবং খুব সম্ভবত পাঁচ থেকে সাতদিনের মধ্যে এই বিচার সমাপ্ত হবে।" স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "নির্যাতন ও ধর্ষণের ঘটনায় দ্রুত আসামিদের যাতে গ্রেফতার করা যায়, সেই চেষ্টা করে যাচ্ছে সরকার। এক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হবে না।" এসময় মি. আহমদ বলেন, "সরকার হিসেবে আমরা আইনানুগ ব্যবস্থা এবং বিচারের ব্যবস্থাটা নিশ্চিত করছি। আমরা সবচেয়ে মনোযোগ এখানেই দিয়েছি যে, দ্রুততম সময়ে যাতে অভিযুক্ত বা অপরাধীরা গ্রেফতার হয়। সেই জায়গায় এই তিন মাসে প্রত্যেকটি ঘটনায় আমরা সফল হয়েছি। আর ভবিষ্যতেও আমরা এ ধরনের যে-কোনো ঘৃণ্য অপরাধে অভিযুক্ত বা অপরাধীদের কোনোভাবেই ছাড় দেওয়া হবে না।"

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## রামিসার হত্যা ইস্যুতে 'সিরিয়াল কিলার' রসু খাঁর ঘটনা কেন সামনে আসছে?

ঢাকার মিরপুরে সাত বছরের শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় প্রতিবাদ ও বিক্ষোভ চলছে। দ্রুততম সময়ের মধ্যে বিচারের দাবিতে চলছে নানা কর্মসূচি। সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রী তারেক রহমান ওই পরিবারের সাথে দেখা করে দ্রুত বিচারের আশ্বাস দিচ্ছেন। তবে বাংলাদেশে গত দুই দশকে খুন ও ধর্ষণের আলোচিত এমন অনেক ঘটনায় বিচার দীর্ঘদিন ধরে চলেছে বা চলছে এবং কিছু ক্ষেত্রে সাজা কার্যকর হতেও বছরের পর বছর চলে যাচ্ছে, এমন অবস্থায় রামিসার ধর্ষণ ও হত্যাকাণ্ডের ঘটনার দ্রুত বিচার নিয়েও প্রশ্ন তুলছেন অনেকে। এসবের মধ্যে একটি আলোচিত ঘটনা- চাঁদপুরের 'সিরিয়াল কিলার' রসু খাঁ। সামাজিক যোগাযোগ মাধ্যম ও স্থানীয় সংবাদ মাধ্যমে তার নাম আবারও উঠে এসেছে আলোচনায়। ১১জন নারীকে হত্যা এবং হত্যার আগে ধর্ষণের মতো অপরাধের অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এখন থেকে ১১ বছর আগে, ২০১৫ সালে অধস্তন আদালতে ধর্ষণ ও হত্যার একটি মামলায় তার সাজা হয়েছিল। ওই ঘটনার ৯ বছর পর ২০২৪ সালে উচ্চ আদালতেও তার মৃত্যুদণ্ড বহাল রাখা হয়েছিল। ওই সময়ে বাংলাদেশের স্থানীয় সংবাদ মাধ্যমের খবরে বলা হয়, হাইকোর্ট রায়ের পর্যবেক্ষণে তাকে 'সিরিয়াল কিলার' হিসেবে অভিহিত করা হয় এবং তিনি আইনের অনুকম্পা পাওয়ার যোগ্য নন, সর্বোচ্চ শাস্তিই তার প্রাপ্য বলেও উল্লেখ করা হয়। এরপর আরো প্রায় দুই বছর পার হলেও, এখনো অনুষ্ঠিত হয়নি আপিল শুনানি, ফলে সাজাও কার্যকর হয়নি। আইনজীবী ও মানবাধিকারকর্মীরা বলছেন, মামলার দীর্ঘসূত্রতা ও আইনি প্রক্রিয়ার বিভিন্ন ধাপে জটিলতার কারণে অনেক মামলা দুর্বল হয়ে পড়ে, একইসঙ্গে মামলার নিষ্পত্তিতে অনেক সময় লাগছে। তেমনি রসু খাঁ'র বিরুদ্ধে হত্যাকাণ্ড ও ধর্ষণের ঘটনায় নিম্ন আদালত কিংবা বিশেষ ট্রাইব্যুনালে রায় ঘোষণা হলেও ঝুলে আছে উচ্চ আদালতে। যদিও সুপ্রিম কোর্টের অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনিক আর হক বিবিসি বাংলাকে বলছেন, তিন-চার মাসের মধ্যে রসু খাঁ-এর মামলার রায় বাস্তবায়ন হবে বলে আশা করেছেন। চলতি মাসে বাংলাদেশের সুপ্রিম কোর্ট ও বেসরকারি সংস্থা ব্র্যাকের যৌথ গবেষণায় বলা হয়, নারী ও শিশু নির্যাতনের মামলায় সাজার হার মাত্র তিন শতাংশ। এর বিপরীতে প্রায় ৭০ শতাংশ মামলায় খালাস পাচ্ছেন আসামিরা।

### ফ্যান চুরি থেকে সিরিয়াল কিলার

এখন থেকে দেড় দশক আগে ২০০৯ সালে একটি চুরির মামলায় পুলিশের হাতে আটক হয়েছিলেন চাঁদপুর সদরের বাসিন্দা রসু খাঁ। বাংলাদেশ সংবাদ সংস্থা বা বাসসের খবরে বলা হয়েছে, ২০০৯ সালের ৭ অক্টোবর মসজিদের ফ্যান চুরির ঘটনায় গাজীপুরের টঙ্গী থেকে রসু খাঁকে গ্রেফতার করা হয়। পরে তার মোবাইল ফোনের সূত্রে স্থানীয় এক কিশোরী হত্যার ঘটনায় জড়িত থাকার সন্দেহে তাকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। এরপর পুলিশের রিমান্ডে মুখ খোলেন রসু খাঁ, যেখানে বেরিয়ে আসে ধর্ষণ ও খুনের আরো ঘটনা। বাসসের খবরে বলা হয়েছে, আদালতের আদেশে যখন রসু খাঁকে রিমান্ডে নেওয়া হয়, তখন ১৬৪ ধারায় জবানবন্দিতে রসু খাঁ-এর ১১টি খুনের কথা উঠে আসে। যেই ঘটনা দেশজুড়ে আলোচনা তৈরি করে এবং রসু খাঁ-এর বিচার দাবিতে নানা প্রতিবাদও হয়। তিনি যে ১১ জন নারীকে হত্যা করেছেন বলে স্বীকার করেছেন, তাদের একজন পারভীন আক্তার। পুলিশের হাতে গ্রেফতারের আড়াই মাস আগে তিনি পারভীনকে হত্যা করেন বলেও পুলিশের বরাত দিয়ে গণমাধ্যমের খবরে বলা হয়েছে। মামলার নথি অনুযায়ী, ওই বছরের ২০ জুলাই রাতে রসু খাঁ ও তার সহযোগীরা ফরিদগঞ্জের মধ্য হাঁসা গ্রামের একটি নির্জন মাঠে পারভীনকে প্রথমে ধর্ষণ এবং পরে শ্বাসরুদ্ধ করে হত্যা করেন। ওই মামলায় চাঁদপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ২০১৮ সালে রসু খাঁসহ তিনজনকে মৃত্যুদণ্ড দেয়। রসু খাঁ-এর বিরুদ্ধে অন্য মামলাগুলোর মধ্যে খুলনার পোশাককর্মী শাহিদা হত্যা মামলায় প্রথম মৃত্যুদণ্ডের রায় আসে ২০১৫ সালের ২২ এপ্রিল। চাঁদপুরের আদালতে এই রায় ঘোষণা করা হয়েছিল। নিম্ন আদালতে তার একটি মামলার বিবাদী পক্ষের আইনজীবী ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ও আইনজীবী অনিক আর হক। মি. হক বিবিসি বাংলাকে বলেন, "রসু খাঁ-এর নামে ১১টি মামলা হয়েছিল। এর মধ্যে এখন পর্যন্ত নিম্ন আদালতে দুইটি মামলার রায় হয়েছে। দুইটিতেই তার মৃত্যুদণ্ড বহাল রয়েছে।" এখন থেকে ১৭ বছর আগে বিচারিক কার্যক্রম শুরু হলেও, এখন পর্যন্ত ৯টি মামলার বিচার বাকি রয়েছে নিম্ন আদালতে।

### উচ্চ আদালতের চূড়ান্ত রায় কবে?

চাঁদপুরের নিম্ন আদালত পারভীন আক্তার হত্যা মামলার রায় ঘোষণা করেছিল ২০১৮ সালে। এরপর সেই মামলা যায় উচ্চ আদালতে। প্রায় ছয় বছর পর শুনানি শেষে ২০২৪ সালের জুলাইয়ে চাঁদপুরে পারভীন হত্যা মামলায় রসু খাঁ-এর মৃত্যুদণ্ড বহাল রেখে রায় দেন হাইকোর্ট বিভাগ। বাসসের খবরে বলা হয়, হাইকোর্ট রসু খাঁ-এর মৃত্যুদণ্ড বহাল রাখলেও একই মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত রসু খাঁ-এর ভাগনে জহিরুল ইসলাম ও তার সহযোগী ইউনুছের সাজা কমিয়ে যাবজ্জীবন কারাদণ্ড দেয়। এরপর প্রায় দুই বছর পেরোলেও এখনো পর্যন্ত ফাঁসির চূড়ান্ত আইনি প্রক্রিয়া শেষ হয়নি। গণমাধ্যমের খবর অনুযায়ী, গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে কনডেম সেলে আছেন আলোচিত ওই খুনের আসামি। আইন অনুযায়ী, হাইকোর্টের রায়ের পরও মৃত্যুদণ্ডপ্রাপ্ত কোনো আসামির ফাঁসি কার্যকর করার আগে বেশ কিছু দীর্ঘ ও আইনি ধাপ রয়েছে। যেগুলো শেষ না হলে ফাঁসি কার্যকরের সুযোগ নেই। আইনজীবীরা বলছেন, নিম্ন আদালত এবং হাইকোর্টে ফাঁসির রায় বহাল ছিল রসু খা-এর। কিন্তু নিয়মানুযায়ী, আসামিপক্ষ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে

আপিল করার সুযোগ পান প্রত্যেক আসামি। আইনজীবী মনজিল মোরসেদ বিবিসি বাংলাকে বলেন, "এখন এই মামলার পেপারবুক না হলে শুনানি হবে না। এই পেপারবুক তৈরি করতে সময় লাগতে পারে অনেকদিন। আর এই পেপারবুকের কাজটি করে সরকার। যে কারণে কবে সেটি হবে, এটি নির্ভর করছে সরকারের ওপর।" মৃত্যুদণ্ডের সাজার ক্ষেত্রে আপিল বিভাগ যদি নিম্ন আদালত ও হাইকোর্টের রায় বহাল রাখে, তারপরও রিভিউ আবেদন করার সুযোগ পায় আসামি। সুপ্রিম কোর্টের অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনিক আর হক বিবিসি বাংলাকে বলেন, "রসু খাঁ-এর মামলা আপিল বিভাগে শুনানি হবে অতি শীঘ্রই। আমরা আশা করছি, তিন থেকে চার মাসের মধ্যেই তার মামলা শুনানি করা যাবে আপিল বিভাগে।" রসু খাঁ-এর বিরুদ্ধে আরেকটি হত্যা মামলায় মৃত্যুদণ্ড দিয়েছে নিম্ন আদালত। শাহিদা বেগম হত্যা মামলায় উচ্চ আদালতে এখনো আপিল শুনানি অনুষ্ঠিত হয়নি। আইনজীবী ও মানবাধিকারকর্মী এলিনা খান বিবিসি বাংলাকে বলেন, প্রায় দেড় যুগেরও বেশি সময় ধরে এই মামলাটি চূড়ান্ত নিষ্পত্তি হয়নি। নারী ও শিশু নির্যাতনের এমন অসংখ্য মামলা এখনো ঝুলে আছে উচ্চ আদালতে।

**চূড়ান্ত রায়ে দীর্ঘসূত্রিতা কেন?**

অধস্তন আদালতে মৃত্যুদণ্ডের রায় হলে তা হাইকোর্টে ডেথ রেফারেন্স হিসেবে আসে এবং রায়ের অনুমোদনের জন্য মামলার যাবতীয় নথিপত্র বা 'পেপার বুক' প্রস্তুত করতে হয়। সম্প্রতি রামিসাকে ধর্ষণের পর হত্যার মতো গত বছর মার্চে আলোচিত আরেকটি ছিল মাগুরায় আট বছরের শিশু আসিয়াকে ধর্ষণের পর হত্যার ঘটনা। আছিয়া হত্যাকাণ্ডের আসামির ফাঁসির রায় হলেও, সেটি এখনো আপিলেই ঝুলে আছে। সুপ্রিম কোর্টের আইনজীবী মনজিল মোরসেদ বিবিসি বাংলাকে বলেন, "যে-সব মামলা নিয়ে খুব আলোচনা হয়, সেরকম কিছু মামলার সাজা নিম্ন আদালতে দ্রুত শেষ হয়। বাকি মামলাগুলো নিম্ন আদালতেই ঝুলে থাকে বছরের পর বছর।" সম্প্রতি বাংলাদেশ সুপ্রিম কোর্ট ও ব্র্যাক যৌথভাবে একটি গবেষণা করেছে। যেই গবেষণায় উঠে এসেছে, অধস্তন আদালতে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ আইন, ২০০০ অনুযায়ী ১৮০ কার্যদিবসের মধ্যে মামলা নিষ্পত্তির বিধান থাকলেও, বাস্তবে একটি মামলা শেষ হতে গড়ে তিন বছর সাত মাস সময় লাগছে। আইনজীবী ও মানবাধিকার কর্মীরা বলছেন, নারী, শিশু নির্যাতন কিংবা ধর্ষণের মতো ঘটনায় নিম্ন আদালতে মৃত্যুদণ্ডের আদেশ দেওয়ার পর সেই মামলাগুলোর পরের আইনি প্রক্রিয়ায় কয়েকগুণ সময় লাগছে। মানবাধিকারকর্মী এলিনা খান বিবিসি বাংলাকে বলেন, নারী, শিশু নির্যাতন মামলায় অধস্তন আদালতের রায়ের পর যখন তা হাইকোর্টে যাচ্ছে, তখন ডেথ রেফারেন্সের কাগজগুলো পুঙ্খানুপুঙ্খভাবে দেখতে হয়। একজন লোকের মৃত্যুদণ্ড হবে। তখন পেপারবুক তৈরি করতে হয়।" আইনজীবীরা বলছেন, মূলত এই পেপারবুক তৈরি করতে হয় সরকারকেই এবং সেটি তৈরি হয় সরকারি প্রিন্টিং প্রেস বা বিজি প্রেসে। আইনজীবী মি.মনজিল মোরসেদ বিবিসি বাংলাকে বলেন, "পেপারবুক না হলে শুনানি হবে না। এটা করতে কখনও কখনও ১০ বছরও লাগতে পারে। সরকার পেপারবুক না করে দিলে, তখন এটা শুনানির কোনো সুযোগ নাই। এটাই জুডিসিয়াল সিস্টেম।" এর কারণ ব্যাখ্যা করে সুপ্রিম কোর্টের অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনিক আর হক বিবিসি বাংলাকে বলছিলেন, "ধরুন, হাইকোর্টের বেঞ্চ আছে ৬৫টা। সেগুলো থেকে যে রায় হচ্ছে, সেগুলো কিছু যাচ্ছে আপিলে। সেগুলো আবার শুনানি হচ্ছে একটি বা দুইটি বেঞ্চে, যে কারণে মামলা শুনানিতে সময় লেগে যায়।(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৫.২০২৬ নারগীস)

## 'বাংলাদেশি ও রোহিঙ্গা' অনুপ্রবেশকারীদের জন্য পশ্চিমবঙ্গের প্রতি জেলায় হবে আটক শিবির

কথিত 'বাংলাদেশি ও রোহিঙ্গা' অনুপ্রবেশকারীদের আটক রাখার জন্য পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় 'হোল্ডিং সেন্টার' বা আটক শিবির তৈরির নির্দেশ দিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। ভারতের অন্যান্য রাজ্যে এ ধরনের হোল্ডিং সেন্টার গড়া হয়েছে গত এক বছরে, তবে পশ্চিমবঙ্গে এই উদ্যোগ প্রথম নেওয়া হলো। জেল থেকে সাজার মেয়াদ শেষে ছাড়া পাওয়া যে-সব বিদেশি নাগরিকরা নিজ দেশে প্রত্যর্পিত হওয়ার জন্য অপেক্ষায় রয়েছেন, তাদেরও ওইসব হোল্ডিং সেন্টারে রাখা হবে। গত সপ্তাহের শেষে রাজ্য পুলিশের কাছে পাঠানো একটি সরকারি নোটে নির্দেশ দেওয়া হয়েছে যে, 'বেআইনিভাবে দেশে বসবাসরত বাংলাদেশি ও রোহিঙ্গাদের প্রত্যর্পণ' পদ্ধতি সংক্রান্ত যে নির্দেশ গত বছর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় দিয়েছিল, সেই পদ্ধতি মেনে প্রতিটা জেলায় আটক হওয়া বিদেশিদের জন্য হোল্ডিং সেন্টার করতে হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওই নির্দেশ মেনে ভারতের অন্য অনেক রাজ্যে হোল্ডিং সেন্টার গড়ে তোলা হয়েছে। সেখানে বাংলাদেশি এবং রোহিঙ্গা, যারা অবৈধভাবে ভারতে বসবাস করছেন বলে সন্দেহ, এমন অনেক মানুষকে আটক করে রাখা হয়। তবে আটক হওয়া ব্যক্তিদের মধ্যে মধ্যে অনেকেই ছিলেন পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং প্রকৃত ভারতীয় নাগরিক। এদের একটি বড়ো অংশই ছিলেন পশ্চিমবঙ্গ থেকে ওইসব রাজ্যে কাজ করতে যাওয়া বাংলাভাষী মুসলমান পরিযায়ী শ্রমিক। গত বছর ২২ এপ্রিল ভারত শাসিত কাশ্মীরের পহেলগামে বন্দুকধারীদের গুলিতে ২৬ জন বেসামরিক মানুষ নিহত হওয়ার পরে ভারতের অনেক রাজ্যেই কথিত বাংলাদেশি ও রোহিঙ্গা অনুপ্রবেশকারীদের খোঁজে ব্যাপক তল্লাশি অভিযান শুরু হয়েছিল। গুজরাত, মহারাষ্ট্র, হরিয়ানা, দিল্লি, ওড়িশাসহ নানা রাজ্যে কয়েক হাজার মানুষকে আটক করা হয়েছিল, যাদের মধ্যে ছিলেন অনেক শিশু ও নারীরাও। পরিচয় যাচাইয়ের জন্য এই হাজার হাজার মানুষদের কাউকে ছয়, সাতদিন বা তারও বেশি আটক করে রাখা হয়েছিল। পরিচয় যাচাইয়ের পরে, তাদের অনেককে ছেড়ে দেওয়া যেমন হয়েছে, তেমনই বেশ কিছু পরিবারকে বাংলাদেশে 'পুশ-আউট' করে দেওয়া হয়েছে।

এরকম বেশ কয়েকটি ঘটনা নিয়ে বিবিসি বাংলা প্রতিবেদন করেছে। হোল্ডিং সেন্টার থেকেই বাংলাদেশে ঠেলে দেওয়া হয়েছে, এমন কয়েকজনকে ফিরিয়েও এনেছে ভারত।

**কী এই 'হোল্ডিং সেন্টার'?**

গত বছর মে মাস থেকে ভারতের নানা রাজ্যে কথিত বাংলাদেশি ও রোহিঙ্গা অনুপ্রবেশকারী খুঁজে বের করতে যে-সব অভিযান চালানো হয়েছিল, সেগুলিতে আটক হওয়া এমন অনেকের সঙ্গে বিবিসি বাংলা কথা বলেছে, যাদের পরিচয় যাচাই করার পরে দেখা গেছে যে, তারা প্রকৃত ভারতীয় নাগরিক এবং তাদের হোল্ডিং সেন্টারগুলো থেকে ছেড়ে দেওয়া হয়েছে। এদের মূলত আটক করা হতো বাংলায় কথা বলা দেখেই। একইসঙ্গে তাদের ধর্মীয় পরিচয়ও আটক হওয়ার একটা বড়ো কারণ বলে বিবিসিকে জানিয়েছিলেন অনেক আটক হওয়া নারী-পুরুষ। তাদের সঙ্গে কথা বলেই জানা গেছে যে, ওইসব হোল্ডিং সেন্টার আসলে কোনো জেল নয়। অস্থায়ীভাবে কোনো অনুষ্ঠান বাড়ি বা বড়ো অফিস প্রাঙ্গণ ব্যবহার করা হতো ওই হোল্ডিং সেন্টারের জন্য। সেখানে একসঙ্গে অনেক মানুষকে আটক রাখা হতো। পুলিশ ওইসব মানুষদের আটক করার পরে প্রাথমিকভাবে পরিচয় যাচাই করত। হোল্ডিং সেন্টারে পাঠানোর পরে তারা নিজেদের বাড়ি পশ্চিমবঙ্গের যে অঞ্চলে বলে দাবি করেছেন, সেখানকার জেলা পুলিশের কাছে তথ্য চেয়ে পাঠিয়ে পরিচয় যাচাই করত। এতে অনেক সময়ে ছয়-সাত দিন বা তারও বেশি সময় লাগত। এই পুরো সময়টায় আটক হওয়া ব্যক্তিদের হোল্ডিং সেন্টার থেকে বেরোতে দেওয়া হতো না, বাইরে পুলিশ পাহারা থাকত। খাবার দেওয়া হলেও, তা অনেক সময়েই অপর্যাপ্ত ছিল বলেও অভিযোগ করেছেন অনেকে। প্রকৃত ভারতীয় নাগরিক প্রমাণিত হওয়ার পরে যারা ছাড়া পেয়েছেন হোল্ডিং সেন্টারগুলো থেকে, তাদের মোবাইল ফোন রাখতে দেওয়া হতো না বলে অনেকে জানিয়েছেন। আবার কয়েকজন হোল্ডিং সেন্টারে আটক হওয়ার সময়কার ছবি বা ভিডিও তুলে পরিবারের কাছে পাঠিয়েছেন, এমন ঘটনাও রয়েছে। পরিযায়ী শ্রমিক মঞ্চের রাজ্য সাধারণ সম্পাদক আসিফ ফারুক বলছিলেন, “বিভিন্ন রাজ্যে এই ধরনের হোল্ডিং সেন্টারে বাংলাদেশি সন্দেহে বহু ভারতীয়, বাংলাভাষী মুসলমান পরিযায়ী শ্রমিক ও শিশুসহ, সাধারণ মানুষকেও আটক রাখা হয়েছিল। সেখানে হেনস্তা, নির্যাতন এবং মানবাধিকার লঙ্ঘনের ঘটনাও ঘটেছে। পরবর্তীতে দেখা গিয়েছে, আটক হওয়া অনেকেই প্রকৃতপক্ষে ভারতীয় নাগরিক ছিলেন।”

**'পুশ-ব্যাক'-এর প্রথম ধাপ 'হোল্ডিং সেন্টার'?**

প্রাথমিকভাবে কথিত বাংলাদেশি বা রোহিঙ্গা অনুপ্রবেশকারী হিসাবে আটক হওয়ার পরে যারা নিজেদের ভারতীয় নাগরিকত্ব প্রমাণ করতে পেরেছেন বা যাদের প্রমাণে ওইসব রাজ্যের স্থানীয় পুলিশ সন্তুষ্ট হয়েছে, তাদের তো মুক্তি দেওয়া হয়েছে। তবে ছাড়া পাওয়ার পরে অনেকেই জানিয়েছেন যে, তাদের সঙ্গে অনেক প্রকৃত বাংলাদেশিও ধরা পড়েছিলেন। আবার ভারতীয় নাগরিকত্বের পরিচয় পশ্চিমবঙ্গের পুলিশ যাচাই করে পাঠিয়েছে, তারপরেও তাদের বাংলাদেশি বলে চিহ্নিত করে সীমান্তের অন্যদিকে পাঠিয়ে দেওয়া হয়েছে, এরকম অনেক ঘটনাই সামনে এসেছে। এগুলোর মধ্যে পশ্চিমবঙ্গের সোনালী খাতুন ও তার পরিবারকে বাংলাদেশে ‘পুশ-আউট’ করে দেওয়ার ঘটনাটি বহুল আলোচিত। গর্ভবতী অবস্থায় সোনালী খাতুনসহ তার পরিবারের মোট ছয়জনকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার পরে শুধুমাত্র সন্তানসম্ভবা মিসেস খাতুনকে ভারত সরকার ফিরিয়ে এনেছে। আবার বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়েছিল, এমন একজন ছিলেন মুর্শিদাবাদের মেহবুব শেখ। তাকে ভারতে ফিরিয়ে আনার পরে বিবিসি বাংলা তার বাড়িতে গিয়ে তার সঙ্গে কথা বলেছে। ওই সময়েই মুম্বাই থেকে আটক হয়েছিলেন পূর্ব বর্ধমান জেলার মূল বাসিন্দা মুস্তাফা কামাল শেখ। তাকেও ভারত সরকার ফিরিয়ে এনেছিল। ভারতের প্রচলিত আইন অনুযায়ী, অবৈধভাবে ভারতে প্রবেশ করতে গিয়ে বা বসবাস করতে গিয়ে ধরা পড়া বিদেশি নাগরিকদের পুলিশ আটক করে এবং আদালতে বিচার হয় বিদেশি আইন অনুযায়ী। আদালত রায় দিলে সেই সাজা খাটার জন্য কারাগারে রাখা হয়। মেয়াদ শেষে সংশ্লিষ্ট দেশের দূতাবাসের সঙ্গে যোগাযোগ করে পরিচয় ও ঠিকানা নিশ্চিত করা হয় এবং সবশেষে প্রত্যর্পণ করা হয়। তবে কেন্দ্রীয় নির্দেশিকায় বলা হয়েছে, ভারতের অভ্যন্তরে যে-সব বাংলাদেশি বা রোহিঙ্গা অবৈধভাবে বসবাস করছেন, তাদের চিহ্নিতকরণ ও প্রত্যর্পণের জন্য স্পেশাল টাস্ক ফোর্স গঠন করতে হবে প্রতিটি রাজ্যকে। প্রতিটা জেলায় পুলিশের তত্ত্বাবধানের 'হোল্ডিং সেন্টার' গড়তে হবে এবং রাজ্য সরকারগুলোকেই এদের ব্যাপারে অনুসন্ধান চালাতে হবে। যে রাজ্যের বাসিন্দা বলে সংশ্লিষ্ট ওই ব্যক্তি দাবি করবেন, সেই রাজ্যের পুলিশকে ৩০ দিনের মধ্যে পরিচয় যাচাই করে রিপোর্ট পাঠাতে হবে। যদি ৩০ দিনের মধ্যে সেই রিপোর্ট না আসে, তাহলে সংশ্লিষ্ট ফরেনার্স রিজিওনাল রেজিস্ট্রেশন অফিসার বা এফআরআরও সেই 'সন্দেহভাজন ব্যক্তিকে' প্রত্যর্পণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

**'কেন দরকার পড়ল হোল্ডিং সেন্টার?'**

গত বছর থেকে শুরু হওয়া কথিত অনুপ্রবেশকারী চিহ্নিতকরণ অভিযানগুলি মূলত উত্তর আর পশ্চিম ভারতের বিভিন্ন রাজ্যেই চালানো হয়েছিল, যেখানে আটক হওয়া সন্দেহভাজনদের 'হোল্ডিং সেন্টারে' রাখা হতো প্রাথমিকভাবে। কিন্তু এখন পশ্চিমবঙ্গেও এ ধরনের হোল্ডিং সেন্টার গঠনের অর্থ কী যে, এই রাজ্যেও কথিত অনুপ্রবেশকারী চিহ্নিতকরণ অভিযান শুরু হবে? মুখ্যমন্ত্রী হওয়ার পরে শুভেন্দু অধিকারী ঘোষণা করেছিলেন যে, এ রাজ্যেও কথিত অনুপ্রবেশকারীদের 'ডিটেক্ট, ডিলিট ও ডিপোর্ট' করা হবে। মনে করা হচ্ছে, সেই ঘোষণা অনুযায়ীই সপ্তাহান্তের নির্দেশিকা জারি করল রাজ্যের স্বরাষ্ট্র দফতর। নাগরিকত্বের অধিকার নিয়ে সরব অর্থনীতিবিদ ও অ্যাক্টিভিস্ট, বর্তমানে

জাতীয় কংগ্রেসের নেতা প্রসেনজিৎ বসু বলছিলেন, "এ ধরনের হোল্ডিং সেন্টার গড়ার দরকারটা কেন পড়ল? কতজন বাংলাদেশি অনুপ্রবেশকারী বা রোহিঙ্গা আছেন পশ্চিমবঙ্গে? সেই তথ্য রাজ্য সরকার আগে দিক! "আমি গত বছর আগস্ট মাসে তথ্যের অধিকার আইন অনুযায়ী কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে জানতে চেয়েছিলাম যে, ২০০০ সাল থেকে গত বছর আগস্ট পর্যন্ত পশ্চিমবঙ্গে কতজন অবৈধ অনুপ্রবেশাকারীকে আটক করা বা গ্রেফতার করা হয়েছে। আমার আরও প্রশ্ন ছিল যে, বাংলাদেশ থেকে আসা অনুপ্রবেশকারীদের ধর্মীয় পরিচয় কী কী, সেই ভাগাভাগিও জানানো হোক। বাংলাদেশের 'অনুপ্রবেশকারী' কতজন এখন পশ্চিমবঙ্গ আর অন্যান্য রাজ্যের কারাগার বা ডিটেনশন সেন্টারে রয়েছেন- এই প্রশ্নও ছিল আমার," বলছিলেন মি. বসু। তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে আরও জানতে চেয়েছিলেন যে, বাংলাদেশ থেকে আসা কতজন কথিত অনুপ্রবেশাকারীকে সেদেশে 'পুশ-ব্যাক' করা হয়েছে এবং যারা ধরা পড়েননি- এমন কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের আনুমানিক সংখ্যা কত? মি. বসু বলছেন, এখনও কোনো প্রশ্নেরই উত্তর তিনি পাননি- একের পর এক দফতরের কাছে তার আবেদন পাঠানো হয়েছে মাত্র। তার কথায়, এই তথ্যগুলো জানা গেলে তারপরেই এই উদ্যোগ নিয়ে আলোচনা করা যেতে পারে।(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা সংস্থার প্রধান তুলসী গ্যাবার্ডের পদত্যাগ

অবশেষে পদত্যাগ করেছেন যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা সংস্থার প্রধান তুলসী গ্যাবার্ড। প্রকাশিত খবরে বলা হয়েছে, ইরান নীতিতে ট্রাম্প প্রশাসনের সঙ্গে তীব্র বিরোধে জড়িয়ে শেষ পর্যন্ত তিনি এ পদ ছেড়ে দিলেন। তিনি ভেনিজুয়েলায় যুক্তরাষ্ট্রের আগ্রাসনের ক্ষেত্রে ট্রাম্প প্রশাসনের সঙ্গে তার বিরোধ তৈরি হয়। তুলসী গ্যাবার্ড হলেন- একজন হিন্দু এবং ইসকন সদস্য। বর্তমান মোদি সরকারেরও তিনি একজন কট্টর সমর্থক। অভিযোগ রয়েছে, ভারতীয় ও ইসকন লবির মাধ্যমে তুলসী গ্যাবার্ডকে এ ধরনের গুরুত্বপূর্ণ পদে বসানো হয়েছে। ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার পর জাতীয় গোয়েন্দা সংস্থা প্রধান পদে তার এই নিয়োগের পর বাংলাদেশে তখন আতঙ্ক তৈরি হয়। আশঙ্কা করা হয়, তার প্রভাবে ট্রাম্প প্রশাসন বাংলাদেশের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে পারে এবং সংখ্যালঘু ইস্যু সহ বাংলাদেশ বিরোধী বিভিন্ন অপপ্রচার নতুন মাত্রা পেতে পারে। তুলসী গ্যাবার্ড একজন হিন্দু ইসকন সদস্য হলেও, তিনি একজন যুদ্ধবিরোধী ব্যক্তিত্ব। তিনি ইরানে যুক্তরাষ্ট্রের আগ্রাসনের বিরুদ্ধে অবস্থান নেন। তার যুদ্ধবিরোধী অবস্থানের কারণে ভারতের মোদি সরকার তেমন সুবিধা আদায় করতে পারেনি। তবে তার পদত্যাগ বাংলাদেশের জন্য একটি স্বস্তিদায়ক ঘটনা হিসেবে মনে করেন অনেক বিশ্লেষক। কারণ তিনি দায়িত্ব গ্রহণের পর ভারত দ্বারা প্রভাবিত হয়ে বাংলাদেশের বিরুদ্ধে সংখ্যালঘু নির্যাতন বিষয়ে অত্যন্ত আপত্তিকর ও ভিত্তিহীন মন্তব্য করেছিলেন। বাংলাদেশের তখনকার সরকার এর আনুষ্ঠানিক প্রতিবাদ জানায়। এরপর অবশ্য তিনি বাংলাদেশ নিয়ে আর তেমন কোন মন্তব্য করেননি এবং বাংলাদেশ বিষয়ে ট্রাম্প প্রশাসনকে প্রভাবিত করার বিষয়েও তার তেমন কোনো ভূমিকার কথা জানা যায় না। তার পদত্যাগের পর ডোনাল্ড ট্রাম্প সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে বলেন, তুলসী অসাধারণ কাজ করেছেন। আমরা তাকে মিস করবো, তুলসী গ্যাবার্ড ছিলেন আমেরিকার ইতিহাসে প্রথম কোনো হিন্দু কংগ্রেস সদস্য। তিনি হিন্দু ধর্মগ্রন্থ হাতে শপথ নিয়েছিলেন। পূর্বে তিনি ডেমোক্রেট দলের সদস্য ছিলেন। পরে ট্রাম্পের দলে যোগ দেন।
(রেডিও তেহরান: ২৪.০৫.২০২৬ এলিনা)

## এনএইচকে

### ইরানের সঙ্গে চুক্তির অনেক কাছাকাছি যুক্তরাষ্ট্র : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে, ইরানের সঙ্গে আলোচনা চূড়ান্ত পর্যায়ের দিকে এগোচ্ছে। এই চুক্তির 'বেশিরভাগ বিষয় নিয়েই সমঝোতা' হয়েছে উল্লেখ করে ট্রাম্প বলেন, এটি এখন যুক্তরাষ্ট্র, ইরান ও অন্যান্য দেশগুলোর মধ্যে 'চূড়ান্তকরণের অপেক্ষায়' রয়েছে। ট্রাম্প একটি মার্কিন সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে বলেন, চূড়ান্ত চুক্তিটি ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে বিরত রাখবে। তিনি আরও বলেন যে, তিনি কেবল এমন একটি চুক্তিতেই স্বাক্ষর করবেন, যা তাকে তার প্রত্যাশিত সবকিছুই নিশ্চিত করবে। তবে ট্রাম্প মার্কিন সংবাদ ওয়েবসাইট অ্যাক্সিওসকে এও বলেন যে, ইরানের সঙ্গে একটি ভালো চুক্তি করার অথবা তাদেরকে 'একেবারে নিশ্চিহ্ন করে দেওয়ার' অর্ধেক অর্ধেক সম্ভাবনা রয়েছে। (এনএইচকে ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ইরান যুদ্ধ; চুক্তির অগ্রগতির নিয়ে ট্রাম্পের আভাস, নেতানিয়াহুর উদ্বেগ

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শনিবার তার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে জানিয়েছেন, ইরানের সঙ্গে চুক্তি 'অনেকটাই চূড়ান্ত' হয়ে এসেছে। খসড়া চুক্তিতে হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়টিও রয়েছে বলে জানান তিনি। ট্রাম্প আরো জানিয়েছেন, তিনি সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, মিশর, জর্ডান, বাহরাইন, তুরস্ক ও পাকিস্তানের নেতাদের সঙ্গে এই বিষয়ে আলাপ করেছেন। পাশাপাশি, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনইয়ামিন নেতানিয়াহুর সঙ্গেও আলাদাভাবে কথা বলেছেন। চুক্তির চূড়ান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা চলছে উল্লেখ করে তিনি বলেন, খুব দ্রুতই তা ঘোষণা করা হবে। এদিকে, ট্রাম্পের এই বার্তার পর রাষ্ট্রীয় গণমাধ্যমে প্রকাশিত তেহরানের প্রতিক্রিয়ায় বলা হয়েছে,

হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ অব্যাহত রাখবে ইরান। সেই সঙ্গে চুক্তি নিয়ে ট্রাম্পের তথ্য 'অসম্পূর্ণ ও বাস্তবতার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ' বলেও উল্লেখ করা হয়েছে। এদিকে, মার্কিন সংবাদমাধ্যম এক্সিওস খসড়া চুক্তিতে কী আছে, তা নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। এতে বলা হয়েছে, যুদ্ধবিরতি ৬০ দিন বর্ধিত করা হবে। ইরান কোনো টোল ছাড়া হরমুজ প্রণালি পুনরায় খুলে দেবে। যুক্তরাষ্ট্র ইরানের বন্দর অবরোধ এবং ইরানকে তেল বিক্রির সুযোগ দিয়ে কিছু নিষেধাজ্ঞা প্রত্যাহার করবে। ইরান প্রতিশ্রুতি দেবে যে, তারা কখনও পরমাণু অস্ত্র পাওয়ার চেষ্টা করবে না। চূড়ান্ত চুক্তির আগ পর্যন্ত মার্কিন সেনারা এই অঞ্চলে অবস্থান করবে। খসড়া সমঝোতায় ইসরায়েল ও লেবাননে হিজবুল্লাহর মধ্যকার যুদ্ধ বন্ধের আহ্বানও রয়েছে। এই প্রতিবেদনের সূত্র ধরে ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু সম্ভাব্য চুক্তি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বলে জানিয়েছে ইসরায়েলের সংবাদমাধ্যম কান। প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে সিদ্ধান্ত ৬০ দিনের জন্য পিছিয়ে দেওয়ার বিষয়ে নেতানিয়াহু উদ্বেগ প্রকাশ করেছেন। প্রতিবেদনে আরও বলা হয়েছে, ইরানে সামরিক অভিযান পুনরায় শুরু করার পক্ষে অবস্থান রয়েছে নেতানিয়াহু। সেই সঙ্গে লেবানন প্রসঙ্গ খসড়ায় অন্তর্ভুক্ত করা নিয়েও ইসরায়েলের উদ্বেগ রয়েছে। সম্প্রতি ট্রাম্প বলেছিলেন, (সম্ভাব্য ইরান চুক্তি নিয়ে) নেতানিয়াহু তা-ই করবেন, যা তিনি (ট্রাম্প) চান। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রনি)

### দ্রুত চুক্তির সম্ভাবনা নাকচ ট্রাম্পের, হরমুজে মার্কিন ব্লকেড অব্যাহত থাকছে

ইরানের সঙ্গে যুদ্ধে দ্রুত কোনো চুক্তির সম্ভাবনা নাকচ করে দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রবিবার ট্রুথ সোশ্যালে এক পোস্টে তিনি জানান, আলোচনা চলছে, তবে তার প্রতিনিধিদের তাড়াহুড়ো করে চুক্তিতে না যাওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। ট্রাম্প লিখেছেন, "চুক্তি স্বাক্ষর ও নিশ্চিত না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালিতে অবরোধ পূর্ণমাত্রায় বজায় থাকবে। কোনো ভুলের সুযোগ নেই।" একদিন আগে শনিবার ট্রাম্প বলেছিলেন, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে একটি সমঝোতা স্মারকের খসড়া "মোটামুটি চূড়ান্ত" হয়েছে। তিন মাস ধরে চলা এই যুদ্ধ শুরুর আগে হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের এক-পঞ্চমাংশ তেল ও তরলীকৃত প্রাকৃতিক গ্যাস সরবরাহ হতো। ট্রাম্প ইরানের সঙ্গে সম্পর্কের প্রশংসা করে বলেছেন, এটি 'আরো পেশাদার ও ফলপ্রসূ' হয়ে উঠছে। এমনকি ইরান ভবিষ্যতে 'আব্রাহাম অ্যাকর্ডে' যোগ দিতে পারে বলেও আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। ট্রাম্পের প্রথম মেয়াদে এই চুক্তির মাধ্যমে সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও মরক্কো ইসরায়েলকে স্বীকৃতি দিয়েছিল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রনি)

## জাগো নিউজ

### ১২ ঘণ্টার মধ্যে কোরবানির বর্জ্য পরিষ্কারের নির্দেশ প্রধানমন্ত্রীর

রাজধানীর যানজট নিরসন, অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা চালু এবং কোরবানির বর্জ্য দ্রুত অপসারণে কাজ করছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। প্রধানমন্ত্রী ঈদের পর রাজধানীর ট্রাফিক ব্যবস্থাপনা ও বর্জ্য অপসারণ কার্যক্রম আরও জোরদারের নির্দেশ দিয়েছেন বলে জানিয়েছেন, ডিএসসিসি প্রশাসক ও বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুস সালাম। রোববার (২৪ মে) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দক্ষিণ সিটি করপোরেশনের সিগন্যালিং সিস্টেম নিয়ে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা জানান। ডিএসসিসি প্রশাসক বলেন, রাজধানীতে অটোমেটিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা কার্যকর করতে ধাপে ধাপে কাজ চলছে। এরই মধ্যে নির্ধারিত কাজের প্রায় এক-তৃতীয়াংশ সম্পন্ন হয়েছে। ঈদের ছুটির পর আবারও কাজ শুরু হবে এবং এক থেকে দুই মাসের মধ্যে সর্বোচ্চসংখ্যক এলাকায় সিগন্যাল ব্যবস্থা চালুর চেষ্টা করা হবে। তিনি জানান, নগরীতে মোট ২২টি পয়েন্টে অটো ট্রাফিক সিগন্যাল স্থাপনের লক্ষ্য নেওয়া হয়েছে। এর সুফলও এরই মধ্যে পাওয়া যাচ্ছে। যানবাহন সুশৃঙ্খলভাবে চলাচল করছে। তবে যানজট পুরোপুরি কমাতে রিকশা ও গণপরিবহণকে সুনির্দিষ্ট ব্যবস্থাপনার আওতায় আনতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

### নেতৃত্ব কেবল নীতিতে নয়, কর্মকাণ্ডেও প্রতিফলিত হতে হবে : প্রধানমন্ত্রী

নেতৃত্ব কেবল নীতিতে নয়, বরং বাস্তব কর্মকাণ্ডেও প্রতিফলিত হতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, লুই আই কানের নকশায় নির্মিত এই জাতীয় সংসদ ভবন অবশ্যই আমাদের গণতন্ত্রের প্রতীক। আজ সেই ভবনের ছাদেই সৌরশক্তিকে কাজে লাগিয়ে আমরা প্রমাণ করার চেষ্টা করছি- নেতৃত্ব কেবল নীতিতে নয়, বরং বাস্তব কর্মকাণ্ডেও প্রতিফলিত হতে হবে। রোববার (২৪ মে) জাতীয় সংসদ ভবনে 'নবায়নযোগ্য সৌরবিদ্যুৎ অন-গ্রিড রুফটপ'-এর উদ্‌বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষ হলে প্রধানমন্ত্রীর অনুরোধে এটি উদ্‌বোধন করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ, বীরবিক্রম। অনুষ্ঠানে বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী জাতীয় সংসদের স্পিকার, মন্ত্রী-প্রতিমন্ত্রী, সংসদ সদস্য, সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তা, প্রকৌশলী, বিজ্ঞানী, জ্বালানি বিশেষজ্ঞ এবং উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, আজকের এই ঐতিহাসিক মুহূর্তে আপনাদের সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন। আজ আমরা এমন একটা উদ্যোগের উদ্‌বোধন করছি, যা শুধু একটি বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগই নয়, বরং এটা বাংলাদেশের টেকসই ভবিষ্যতের একটি প্রতীক। প্রধানমন্ত্রী বলেন, জাতীয় সংসদ ভবনে এক মেগাওয়াট রুফটপ সৌরবিদ্যুৎ ব্যবস্থার উদ্‌বোধনের মাধ্যমে একটি স্পষ্ট বার্তা দেওয়া সম্ভব হবে যে, বাংলাদেশ পরিচ্ছন্ন জ্বালানি, সবুজ অর্থনীতি এবং আত্মনির্ভরশীল শক্তি ব্যবস্থার পথে ধীরে ধীরে

দৃঢ়ভাবে এগিয়ে যাচ্ছে। তারেক রহমান বলেন, বাংলাদেশ আজ জ্বালানি খাতে স্বনির্ভরতা অর্জনের চেষ্টা করছে। দেশের অর্থনীতি সম্প্রসারিত হচ্ছে, শিল্পায়ন বাড়ছে এবং বিদ্যুতের চাহিদাও দ্রুতগতিতে বাড়ছে। তবে একইসঙ্গে জলবায়ু পরিবর্তনের অভিঘাতে বাংলাদেশ বিশ্বের অন্যতম ঝুঁকিপূর্ণ দেশে পরিণত হয়েছে। তিনি বলেন, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, অনিয়মিত বর্ষণ, ঘূর্ণিঝড় এবং নদীভাঙন- এসব আমাদের প্রতিদিনের বাস্তবতা। সে কারণেই টেকসই জ্বালানির পথে অগ্রসর হওয়া এখন আর শুধু পরিবেশগত দায়বদ্ধতা নয়, বরং এটি আমাদের অর্থনীতি এবং জাতীয় নিরাপত্তার অপরিহার্য একটি অংশ। সৌরশক্তির সম্ভাবনার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, সৌরশক্তি সেই সম্ভাবনার সবচেয়ে উজ্জ্বল দিক। আমাদের বাংলাদেশে প্রতিদিন গড়ে প্রতি বর্গকিলোমিটারে সাড়ে চার থেকে পাঁচ কিলোওয়াট-ঘণ্টা সৌর বিকিরণ পাওয়া যায়। আমাদের অসংখ্য ছাদ, শিল্প এলাকা, খোলা জমি এবং উপকূলীয় অঞ্চল নবায়নযোগ্য জ্বালানির বিশাল সম্ভাবনা ধারণ করে আছে। তিনি আরও বলেন, গত এক দশকে বিশ্বব্যাপী সৌরবিদ্যুতের উৎপাদন ব্যয় ব্যাপকভাবে কমে এসেছে। ফলে সৌরশক্তি এখন শুধু পরিবেশবান্ধব নয়, অর্থনৈতিকভাবেও অত্যন্ত কার্যকর একটি সমাধানে পরিণত হয়েছে। আজকের এই প্রকল্প সেই বৃহত্তর যাত্রারই একটি অংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## রংপুরের আসরাইলকে থ্রি-হুইলার উপহার পাঠালেন পাকিস্তানের প্রধানমন্ত্রী

রংপুরের ঝাড়বিসলা এলাকার বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি মো. আসরাইল আলমের সহায়তায় এগিয়ে এসেছে পাকিস্তান সরকার। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের কাছে সহায়তা চাওয়ার পর, ঢাকায় পাকিস্তান হাইকমিশনে তার হাতে একটি থ্রি-হুইলারের চাবি তুলে দেওয়া হয়েছে। রোববার (২৪ মে) ঢাকাস্থ পাকিস্তান হাইকমিশন এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, রংপুরের ঝাড়বিসলা এলাকার বাসিন্দা ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি মো. আসরাইল আলম জীবিকার সুবিধার্থে একটি থ্রি-হুইলারের জন্য পাকিস্তানের প্রধানমন্ত্রীর কাছে সহায়তা চান। এর পরিপ্রেক্ষিতে ঢাকাস্থ পাকিস্তান হাইকমিশনে আনুষ্ঠানিকভাবে তার হাতে গাড়িটির চাবি তুলে দেওয়া হয়। পাকিস্তান সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, এই উদ্যোগ দুই ভ্রাতৃপ্রতিম দেশের জনগণের মধ্যে বিদ্যমান সৌহার্দ্য, ভ্রাতৃত্ববোধ ও শুভেচ্ছার প্রতিফলন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## সিআরপির কার্যক্রম-সেবা সম্পর্কে জানলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র (সিআরপি) কর্তৃপক্ষ সৌজন্য সাক্ষাৎ করেছে। রোববার (২৪ মে) দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় প্রধানমন্ত্রীর সঙ্গে পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কার্যক্রম নিয়ে আলোচনা হয়। সিআরপি কর্মকর্তারা তাদের চলমান কার্যক্রম, চিকিৎসা ও পুনর্বাসন সেবার বিভিন্ন দিক তুলে ধরেন। সাক্ষাতে সিআরপির প্রতিষ্ঠাতা ট্রাস্টি ভ্যালেরি এ টেইলর, ট্রাস্টির নির্বাহী পরিচালক মোহাম্মদ সোহরাব হোসেন, ট্রাস্টি চেয়ারম্যান মুহাম্মদ সাইদুর রহমান, ট্রাস্টি মুশতাক আহমেদসহ প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## সাতদিনের মধ্যে রামিসা হত্যার বিচার শেষ হতে পারে : স্বরাষ্ট্রমন্ত্রী

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণ ও হত্যার বিচার আগামী পাঁচ থেকে সাতদিনের মধ্যে শেষ হতে পারে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৪ মে) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপে' তিনি এ কথা বলেন। রামিসার পর আবার কলাবাগানে একই ঘটনা ঘটেছে। যারা এ ধরনের ঘটনা ঘটাচ্ছে, সরকার কি তাদের কাছে ঠিক মেসেজ দিতে পারছে না? এ বিষয়ে মন্ত্রী বলেন, এটা আসলে সামাজিক অবক্ষয়, সামাজিক মূল্যবোধ। এখানে সমাজ সংস্কারের দরকার। যেখানে সামাজিক মূল্যবোধকে তুলে ধরা দরকার আমাদের ধর্মীয় মূল্যবোধের ভিত্তিতে, আমাদের কালচারের ভিত্তিতে। কিন্তু কিছু কিছু অপসংস্কৃতির আছর আমাদের সমাজে পড়েছে। কিছু কালচার এমন হয়েছে, এটা অপসংস্কৃতির কারণে, যেমন এই যে ধর্ষণের মাত্রা বা ধর্ষণের যে অবস্থা, সংখ্যা, এটা ঘটনা, এটা আমাদের সহ্যসীমার বাইরে চলে যাচ্ছে। তিনি বলেন, তো আমরা কী করতে পারি? সরকার হিসেবে আমরা করতে পারি যে, তার আইনানুগ ব্যবস্থা এবং বিচারের ব্যবস্থাটা নিশ্চিত করা। আমরা সবচাইতে মনোযোগ এখানেই দিয়েছি যে, দ্রুততম সময়ে যাতে অভিযুক্ত বা অপরাধীরা গ্রেফতার হয়। সেই জায়গায় এই তিন মাসে প্রত্যেকটি ঘটনায় আমরা সফল হয়েছি, ইনশাল্লাহ। আর আল্লাহর রহমতে ভবিষ্যতেও আমরা এই জাতীয় যে-কোনো ঘৃণ্য অপরাধের, ঘৃণ্য অপরাধের অভিযুক্ত বা অপরাধীদেরকে কোনোভাবেই ছাড় দেব না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## বর্তমান যুগে তথ্যই সবচেয়ে বড়ো শক্তি : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বর্তমান যুগে তথ্যই সবচেয়ে বড়ো শক্তি। তথ্য ব্যবস্থাপনা ও জনসংযোগ কার্যক্রমকে সময়োপযোগী ও ডিজিটাল বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে গড়ে তুলতে না পারলে রাষ্ট্র ও সমাজ পিছিয়ে পড়বে। রোববার (২৪ মে) বিভিন্ন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এবং তথ্য অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য 'নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন ও কর্মপরিকল্পনা' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় মন্ত্রী এসব কথা বলেন। তথ্য

অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরীও উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে জহির উদ্দিন স্বপন বলেন, তথ্য ক্যাডার, জনসংযোগ কর্মকর্তা (পিআরও) ও জেলা তথ্য কর্মকর্তাদের সমন্বয়ে একটি দক্ষ ও আধুনিক ডিজিটাল জনবল গড়ে তুলতে পারলে রাষ্ট্রের জনসংযোগ কার্যক্রম আরও কার্যকর ও সুসংগঠিত হবে। প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ডকে সমন্বিত ও সমান্তরাল গতিতে পরিচালনার জন্য কার্যকর আন্তঃসম্পর্ক ও টিমওয়ার্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন তথ্যমন্ত্রী। তিনি বলেন, ব্যক্তিগত সৃজনশীলতা, দক্ষতা ও সক্ষমতাকে সমন্বিত করতে পারলে তার ফল জ্যামিতিক হারে বৃদ্ধি পায়। মন্ত্রী ডিজিটাল লিটারেসিকে মৌলিক সক্ষমতা হিসেবে উল্লেখ করে বলেন, “যারা ডিজিটাল জ্ঞান থেকে পিছিয়ে থাকবে, তারা ভবিষ্যতের যোগাযোগ ব্যবস্থায় কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়বে।” তিনি জানান, তথ্য ক্যাডার, জনসংযোগ কর্মকর্তা ও জেলা তথ্য কর্মকর্তাদের জন্য সময়োপযোগী কারিকুলাম ও সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ চালুর বিষয়ে সরকার কাজ করছে। জহির উদ্দিন স্বপন বলেন, তথ্য কর্মকর্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি পেলে তথ্য মন্ত্রণালয় একটি শক্তিশালী ডিজিটাল জনসংযোগ নেটওয়ার্ক গড়ে তুলতে সক্ষম হবে, যা রাষ্ট্রের নীতি, উন্নয়ন কর্মকাণ্ড ও জনমতের মধ্যে কার্যকর সেতুবন্ধ তৈরি করবে। এসময় তথ্য প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের (এআই) ইতিবাচক ব্যবহার উন্নয়ন ও জনকল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি এআই ব্যবহার করে ভুল তথ্য ও অপতথ্য ছড়ানোর ঝুঁকি মোকাবিলায় সতর্কতা ও নৈতিকতার ওপর গুরুত্ব আরোপ করেন। তথ্য মন্ত্রণালয় সরকারের ভাবমূর্তি তুলে ধরার অন্যতম প্রধান মাধ্যম উল্লেখ করে জনসংযোগ কর্মকর্তাদের আরও সমন্বিত ও দক্ষভাবে কাজ করার আহ্বান জানান প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## কিশোরগঞ্জ স্টেডিয়ামে পুনরায় বসলো খালেদা জিয়ার নাম

কিশোরগঞ্জ জেলা স্টেডিয়ামে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাম সম্বলিত ফলক পুনঃস্থাপন করা হয়েছে। শনিবার (২৪ মে) বেলা সাড়ে ১১টার দিকে জেলা স্টেডিয়াম প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ফলকটি পুনঃস্থাপন করেন কিশোরগঞ্জ-১ (সদর-হোসেনপুর) আসনের সংসদ সদস্য মাজহারুল ইসলাম। সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০০১ সালে কিশোরগঞ্জ জেলা স্টেডিয়াম প্রতিষ্ঠার সময় তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাম সম্বলিত একটি ফলক স্থাপন করা হয়েছিল। পরবর্তী সময়ে আওয়ামী লীগ সরকারের আমলে ফলকটি অপসারণ বা ভেঙে ফেলা হয়। পুনঃস্থাপন অনুষ্ঠানে বক্তারা বলেন, কিশোরগঞ্জ স্টেডিয়াম প্রতিষ্ঠায় তৎকালীন সরকারের অবদান স্মরণীয় করে রাখতেই নামফলকটি পুনঃস্থাপন করা হয়েছে। তারা ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণের স্বার্থে এমন উদ্যোগকে স্বাগত জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## পাসপোর্টে ফের যুক্ত হচ্ছে ‘একসেপ্ট ইসরায়েল’: স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশি পাসপোর্টে ফের ‘একসেপ্ট ইসরায়েল (ইসরায়েল ছাড়া সব দেশে ভ্রমণ করা যাবে)’ যুক্ত হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (২৪ মে) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত ‘বিএসআরএফ সংলাপ’-এ তিনি এ কথা বলেন। বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে ‘অ্যাকসেপ্ট ইসরায়েল’ বাদ দেওয়া হয়েছিল। পাসপোর্টে ‘একসেপ্ট ইসরায়েল’ ফিরছে কি না বা আর কী কী পরিবর্তন আসছে- জানতে চাইলে তিনি বলেন, এটি সত্য যে, সামনে যে পাসপোর্টগুলো ইস্যু করা হবে, সেসব পাসপোর্টে আমরা আগের মতোই ‘একসেপ্ট ইসরায়েল’ শব্দটা যুক্ত করবো। এটি আমাদের সিদ্ধান্ত, সরকারের সিদ্ধান্ত। এটি বাংলাদেশের গণমানুষের চাহিদাও বটে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পাসপোর্টের ভিসা পেজের মধ্যে বিগত ফ্যাসিবাদী সরকারের সময়ে একটি ব্যক্তিতান্ত্রিক চর্চা আমরা লক্ষ্য করেছি। যেটা বাংলাদেশ অধিকাংশ জনগণ এবং এদেশের কালচারকে প্রতিনিধিত্ব করে না। সেক্ষেত্রে আমরা এটিকে বাংলাদেশের মানুষের চাহিদা অনুসারে সাজানোর চেষ্টা করেছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## রামিসা হত্যা মামলা নারী ও শিশু ট্রাইব্যুনালে পাঠানোর প্রস্তুতি

রাজধানীর পল্লবীতে শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার ঘটনায় দায়ের করা মামলার দুই আসামিকে আদালতে হাজির করা হয়েছে। একইসঙ্গে মামলাটির অভিযোগপত্র আজ রোববার আদালতে জমা দিয়ে বিচারিক কার্যক্রমের জন্য নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে পাঠানোর প্রস্তুতি নিয়েছে পুলিশ। ঢাকার মহানগর দায়রা জজ আদালতের হাজতখানার ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) রিপন মোল্লা জানান, মামলার প্রধান আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে বেলা ১১টা ২০ মিনিট থেকে ১১টা ৪৫ মিনিটের মধ্যে আদালতের হাজতখানায় আনা হয়। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) প্রসিকিউশন বিভাগের উপ-কমিশনার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসান বলেন, দুপুরের দিকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে চার্জশিট দাখিল করা হবে। পরে মামলাটি বিচারের জন্য নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে স্থানান্তরের আবেদন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাকে ভারত ফেরত পাঠাবে, আশাবাদী স্বরাষ্ট্রমন্ত্রী

বন্দি বিনিময় চুক্তি অনুযায়ী, বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ভারত ফেরত পাঠাবে বলে আশা প্রকাশ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, আমরা তো চাই, তিনি বিচারের মুখোমুখি হোন। রোববার (২৪

মে) সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত 'বিএসআরএফ সংলাপ'-এ স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তিনি দেশে আসবেন, বিভিন্ন মিডিয়ার খবরে জানতে পেরেছি ওনার ট্রাভেল পাস চাওয়ার ক্ষেত্রে আলোচনা হচ্ছে, এ ব্যাপারে আপনাদের প্রস্তুতি বা কোনো তথ্য আছে কি না, জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এ বিষয়ে আমি আরও অনেক আগে বলেছি। আমরা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ভারত সরকারের কাছে তার এক্সট্রাডিশনের (প্রত্যর্পণ) জন্য চিঠি পাঠিয়েছি অনেক আগে, রিপিটেডলি। আমরা এখনো চাই, আইনানুগ প্রক্রিয়ায় তিনি এক্সট্রাডিশন চুক্তি ইন বিটুইন (দুই দেশের মধ্যকার প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী) মানে এক্সট্রাডিশন ট্রিটি ইন বিটুইন টু কান্ট্রিস (দুই দেশের মধ্যে বিদ্যমান প্রত্যর্পণ চুক্তি) এই বিধান মতে, ভারত সরকার তাকে ফেরত পাঠাবেন। আমরা তো চাই, তিনি বিচারের মুখোমুখি হোন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## পশুর হাটে নিরাপত্তা ও জাল টাকা ঠেকাতে সর্বাত্মক ব্যবস্থা নিয়েছে সরকার

কোরবানির পশুর হাটে সার্বিক নিরাপত্তা ও জাল টাকা ঠেকাতে সরকার সর্বাত্মক ব্যবস্থা নিয়েছে বলে জানিয়েছেন, মৎস্য ও প্রাণিসম্পদ এবং কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তিনি বলেছেন, দেশের বিভিন্ন পশুর হাটে ব্যবসায়ী, খামারি ও ক্রেতাদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসনের পক্ষ থেকে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। মন্ত্রী বলেন, জাল টাকা শনাক্তে হাটে বিশেষ মেশিন স্থাপন করা হয়েছে। পাশাপাশি হাট এলাকায় ব্যাংকিং সেবা রাখা হয়েছে, যেন বিক্রেতারা নিরাপদে অর্থ জমা দিতে পারেন এবং প্রয়োজনে নতুন হিসাব খুলেও, অর্থ সংরক্ষণ করতে পারেন। রোববার (২৪ মে) রাজধানীর দিয়াবাড়ীতে কোরবানির পশুর হাট পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ফরিদপুরে বাস-অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষ, নিহত ৫

ফরিদপুর-বরিশাল মহাসড়কে বিআরটিসি বাস ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে পাঁচজন নিহত হয়েছেন। রোববার (২৪ মে) সকাল সাড়ে ১০টার দিকে নগরকান্দা উপজেলার শংকরপাশা এলাকায় এ ঘটনা ঘটে। নিহতদের সবাই অ্যাম্বুলেন্সের যাত্রী বলে জানা গেছে। হাইওয়ে পুলিশ জানায়, সকালে ঢাকা-বরিশাল মহাসড়কের নগরকান্দা উপজেলার ডাঙ্গী ইউনিয়নের শংকরপাশা বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে। ভাঙ্গা থেকে ফরিদপুরগামী একটি যাত্রীবাহী বিআরটিসি বাসের সঙ্গে বিপরীতমুখী একটি অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অ্যাম্বুলেন্সটি দুমড়ে-মুচড়ে যায় এবং ঘটনাস্থলেই পাঁচজনের মৃত্যু হয়। ভাঙ্গা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হেলালউদ্দিন বলেন, নগরকান্দা ফায়ার সার্ভিস ও হাইওয়ে পুলিশ উদ্ধারকাজ শুরু করে। প্রাথমিকভাবে নিহতদে নাম ঠিকানা পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ভালো পদ পেতে ক্ষমতাবানদের কাছে কর্মকর্তাদের দৌড়ঝাঁপ

ভালো পদ পেতে প্রশাসনের কর্মকর্তারা এখন সরকারের মন্ত্রী, বিএনপি নেতাদের দ্বারস্থ হচ্ছেন, ক্ষমতাবান এসব ব্যক্তিদের মাধ্যমে নিজেদের পক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ে চিঠি পাঠাচ্ছেন। এদের অবসরে যাওয়া অনেক কর্মকর্তাও রয়েছেন, যারা চুক্তিতে নিয়োগপ্রত্যাশী। 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯' অনুযায়ী, সরকারি কর্মচারীরা কাউকে দিয়ে নিজের পক্ষে তদবির করা 'অসদাচরণ'। 'অসদাচরণ'-এর ক্ষেত্রে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী গুরু ও লঘুদণ্ড দেওয়া যাবে। জনপ্রশাসন বিশেষজ্ঞ ও সাবেক আমলারা জানিয়েছেন, পদোন্নতি ও ভালো পদায়নের জন্য যে কর্মকর্তারা তদবির করছেন এবং যাদের মাধ্যমে তদবির করছেন, উভয়েই বেআইনি কাজ করছেন। তবে ডিও যেহেতু আমাদের সংস্কৃতির অংশ হয়ে গেছে, তাই এগুলো তথ্য হিসেবে নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় যাচাই-বাছাই করে দেখতে পারে। বিশেষজ্ঞদের কেউ কেউ জনপ্রশাসন মন্ত্রণালয়কে পদায়ন ও পদোন্নতির ক্ষেত্রে ডিও-কে বিবেচনায় না নেওয়ার অনুরোধ করেন। যোগ্যতাকে বিবেচনায় নিতে হবে। তারা বলছেন, বিবেচনায় না নিলেই ডিও দেওয়া বন্ধ হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ঘরমুখো মানুষের নিরাপত্তা নিশ্চিতে গাবতলী টার্মিনাল পরিদর্শনে র‍্যাব

ক'দিন পরেই ঈদুল আজহা। পরিবারের সঙ্গে আনন্দ উদ্‌যাপন করতে এরই মধ্যে রাজধানী ছাড়তে শুরু করেছে নগরবাসী। ঈদ যাত্রায় ভোগান্তি নিরসন ও সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে গাবতলী আন্তঃজেলা বাস টার্মিনাল পরিদর্শন করেছে র‍্যাব। রোববার (২৪ মে) বেলা ১১টার পর রাজধানীর গাবতলী বাস টার্মিনাল পরিদর্শনে আসেন র‍্যাব ফোর্সেসের মহাপরিচালক অতিরিক্ত আইজিপি মো. আহসান হাবিব পলাশ। দেশে পবিত্র ঈদুল আজহা উদ্‌যাপিত হবে আগামী ২৮ মে। এ উপলক্ষ্যে শুরু হয়েছে ঈদ উদ্‌যাপনের প্রস্তুতি। আজ অফিস শেষ করে শুরু হবে সরকারি ছুটি। আগামীকাল (২৫ মে) থেকে সাতদিনের সরকারি ছুটি শুরু হলেও, পরিবারের সঙ্গে ঈদ উদ্‌যাপনে এরই মধ্যে রাজধানী ছাড়তে শুরু করেছেন ঘরমুখো মানুষ। র‍্যাব কর্মকর্তারা জানান, ঈদ যাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন রাখতে রাজধানীর গুরুত্বপূর্ণ বাস টার্মিনাল, লঞ্চঘাট ও রেলস্টেশন এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। অতিরিক্ত ভাড়া আদায়, টিকিট কালোবাজারি, ছিনতাই ও যাত্রী হয়রানি ঠেকাতে বাস টার্মিনালগুলোতে সাদা পোশাকেও সদস্য মোতায়েন রয়েছে।

র‍্যাবের পক্ষ থেকে যাত্রীদের সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে। কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটলে দ্রুত আইন-শৃঙ্খলা বাহিনীকে জানানোর পরামর্শ দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ইউরোপে তৈরি পোশাকের রপ্তানি আয় কমেছে ১৯.২৬ শতাংশ

২০২৬ সালের প্রথম দুই মাসে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দেশগুলোতে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি আয় কমেছে ১৯ দশমিক ২৬ শতাংশ। ২০২৫ সালে ৩ দশমিক ৫৭ বিলিয়ন ইউরো থেকে নেমে দাঁড়িয়েছে ২ দশমিক ৮৯ বিলিয়ন ইউরোতে। এ সময়ে প্রধান প্রতিদ্বন্দ্বী দেশগুলোর তুলনায় বাংলাদেশের রপ্তানি আয় দুর্বল ছিল। এ তথ্য প্রকাশ করেছে ইউরোস্ট্যাট। আলোচ্য সময়ে রপ্তানি আয়ের পাশাপাশি বাংলাদেশের পোশাক পণ্যের ইউনিট মূল্যও উল্লেখযোগ্যভাবে কমেছে। ইইউতে বাংলাদেশি পোশাকের গড় রপ্তানি মূল্য ৯ দশমিক ১৩ শতাংশ কমে প্রতি কেজিতে ১৪ দশমিক ৪ ইউরোতে নেমে এসেছে, যা ২০২৫ সালের জানুয়ারি-ফেব্রুয়ারিতে ছিল ১৫ দশমিক ৪৫ ইউরো। ইউরোস্ট্যাটের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের জানুয়ারি-ফেব্রুয়ারি সময়ে ইইউর মোট পোশাক আমদানি ১১ দশমিক ২৭ শতাংশ কমে ১৩ দশমিক ৮৩ বিলিয়ন ইউরোতে দাঁড়িয়েছে। এ পতনের পেছনে পোশাক আমদানির পরিমাণ (মিলিয়ন কেজি) ৬ দশমিক ২৩ শতাংশ এবং গড় ইউনিট মূল্য (ইউরো/কেজি) ৫ দশমিক ৩৮ শতাংশ কমে যাওয়ার প্রভাব রয়েছে। প্রধান পোশাক রপ্তানিকারক দেশগুলোর মধ্যে বাংলাদেশের চেয়ে বেশি পতন হয়েছে শুধু তুরস্ক ও কম্বোডিয়ার। তুরস্কের রপ্তানি কমেছে ২২ দশমিক ৯১ শতাংশ এবং কম্বোডিয়ার ২১ দশমিক ৯৪ শতাংশ। ইন্দোনেশিয়ার রপ্তানিও ১৯ দশমিক ৬৯ শতাংশ কমেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ঈদযাত্রা নির্বিঘ্নে ৬ দিন মহাসড়কে ট্রাক-লরি চলাচল বন্ধ

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন ও কোরবানির পশুর হাটকেন্দ্রিক যানজট নিয়ন্ত্রণে বিশেষ ট্রাফিক ব্যবস্থাপনা ঘোষণা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। ঈদকে কেন্দ্র করে ২৫-২৭ মে এবং ২৯-৩১ মে, মোট ছয়দিন মহাসড়কে ট্রাক, কাভার্ডভ্যান ও লরি চলাচল বন্ধ রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। রোববার (২৪ মে) ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। গণবিজ্ঞপ্তিতে বলা হয়, ঈদের সময় আনুমানিক এক কোটির বেশি মানুষ ঢাকা ছাড়েন এবং প্রায় ৩০ লাখ মানুষ রাজধানীতে প্রবেশ করেন। এ কারণে ঈদযাত্রা ও পশুর হাট সংলগ্ন এলাকায় যান চলাচল স্বাভাবিক রাখতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। ডিএমপির নির্দেশনা অনুযায়ী, নির্ধারিত ছয়দিন মহাসড়কে ট্রাক, কাভার্ডভ্যান ও লরি চলাচল বন্ধ থাকবে। তবে পশুবাহী যানবাহন, নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্য, পচনশীল দ্রব্য, গার্মেন্টস সামগ্রী, ওষুধ, সার ও জ্বালানি বহনকারী যানবাহন এ নিষেধাজ্ঞার আওতামুক্ত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## মিয়ানমার সীমান্তে স্থলমাইন বিস্ফোরণে ৩ বাংলাদেশি নিহত

মিয়ানমার সীমান্তের নাইক্ষ্যংছড়ি শূন্যরেখায় স্থলমাইন বিস্ফোরণে তিন বাংলাদেশি নিহত হয়েছেন। রোববার (২৪ মে) দুপুরে উপজেলা সীমান্তের ৪২ ও ৪২ নম্বর সীমান্ত পিলার এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- নাইক্ষ্যংছড়ির ঘুমধুম ৯ নম্বর ওয়ার্ড ভালুকিয়া পাড়া এলাকার সুনিয়ং চাকমার ছেলে লেড়াইয়া (৪১), মৃত নিওমং চাকমার ছেলে অংকে মং (৫০) এবং অইমং চাকমার ছেলে চিংকা অং। স্থানীয় সূত্রে জানা যায়, সীমান্তবর্তী নিজেদের কৃষিক্ষেত পরিচর্যার জন্য ওই এলাকায় প্রায়ই যেতেন ওই তিন বাংলাদেশি। রোববার দুপুরে আবারও গেলে স্থলমাইন বিস্ফোরণ হয়। এতে তিনজনই নিহত হন। খবর পেয়ে মরদেহ উদ্ধার করে প্রশাসন। নাইক্ষংছড়ি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনামুল হাসান তিনজন নিহতের বিষয়টি নিশ্চিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ভ্যাটের আওতায় আসছে লক্ষাধিক ব্যবসাপ্রতিষ্ঠান

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রায় ৯ লাখ ৩০ হাজার কোটি টাকার বিশাল আকারের বাজেট প্রস্তাব করতে যাচ্ছে সরকার। নির্বাচনি ইশতেহারের প্রতিশ্রুতি বাস্তবায়ন, উন্নয়ন ব্যয় বৃদ্ধি এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচি সম্প্রসারণের কারণে এবারের বাজেটের আকার উল্লেখযোগ্যভাবে বাড়ছে। তবে বড়ো বাজেট বাস্তবায়নে সরকারের সামনে সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে রাজস্ব আহরণ বৃদ্ধি, ঋণের চাপ সামাল দেওয়া এবং মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ। অর্থ মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সূত্রে জানা গেছে, আগামী ১১ জুন জাতীয় সংসদে নতুন বাজেট উপস্থাপন করা হতে পারে। চলতি অর্থবছর বাজেটের আকার ছিল ৭ লাখ ৯০ হাজার কোটি টাকা। সে হিসাবে ১ বছরের ব্যবধানে বাজেট বাড়ছে প্রায় ১ লাখ ৪০ হাজার কোটি টাকা। এই বিপুল অর্থের জোগান নিশ্চিত করতে কর ও ভ্যাট আদায়ে বড়ো ধরনের সংস্কার এবং করজাল সম্প্রসারণের উদ্যোগ নিচ্ছে সরকার। এরই অংশ হিসেবে দেশের ৪৬৫টি ব্যবসায়ী ও বাণিজ্য সংগঠনের কাছে সদস্য প্রতিষ্ঠানের তালিকা চেয়েছে এনবিআর। এসব সংগঠনের আওতায় থাকা লক্ষাধিক ব্যবসা প্রতিষ্ঠানকে ভ্যাটের আওতায় আনার পরিকল্পনা করা হচ্ছে। এনবিআর কর্মকর্তারা জানান, দেশের ভ্যাট জাল অত্যন্ত সীমিত। এ কারণে প্রতি বছর একই করদাতাদের ওপর নির্ভর করতে হচ্ছে। সীমাবদ্ধ হয়ে পড়েছে রাজস্ব। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## ঈদের আগে রেমিট্যান্সে বড়ো উত্থান, ২৩ দিনে এলো প্রায় ৩ বিলিয়ন ডলার

পবিত্র ঈদুল আজহা সামনে রেখে দেশে রেমিট্যান্স প্রবাহে বড়ো ধরনের উত্থান দেখা গেছে। চলতি (মে মাস) মাসের প্রথম ২৩ দিনে বৈধ ব্যাংকিং চ্যানেলে এসেছে প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলারের প্রবাসী আয়। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, এই সময়ে মোট রেমিট্যান্স এসেছে ২৯৭ কোটি ৬০ লাখ ৫০ হাজার ডলার, যা গত বছরের একই সময়ের তুলনায় ৪১ দশমিক ৩১ শতাংশ বেশি। বাংলাদেশি মুদ্রা এর পরিমাণ প্রায় ৩৬ হাজার ৩০৭ কোটি ২০ লাখ টাকা। রোববার (২৪ মে) প্রকাশিত কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ তথ্যে দেখা গেছে, ২০২৫ সালের মে মাসের প্রথম ২৩ দিনে দেশে রেমিট্যান্স এসেছিল ২১০ কোটি ৬ লাখ ডলার। সেই তুলনায় চলতি বছর প্রবাসী আয়ের প্রবাহ উল্লেখযোগ্য হারে বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## শিশু ধর্ষণের দায়ে একজনের মৃত্যুদণ্ড

মেহেরপুরে ৯ বছরের শিশুকে ধর্ষণ ঘটনায় শাকিল হোসেন নামের একজনের মৃত্যুদণ্ড দিয়েছেন মেহেরপুর শিশু সহিংসতা দমন আদালত। পাশাপাশি, তিন লাখ টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। রোববার (২৪ মে) দুপুরে মেহেরপুর শিশু সহিংসতা দমন আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন। জরিমানার টাকা ধর্ষকের স্থাবর-অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে আদালতের মাধ্যমে ভিকটিমের পরিবারকে পরিশোধের আদেশ দিয়েছেন আদালত। দেশের ইতিহাসে প্রথমবার ২৯ কার্য দিবসের মধ্যে স্ব-শরীর ও ভার্চুয়াল ভিডিও কলের মাধ্যমে জবানবন্দি জেরা গ্রহণ করেন আদালত। দণ্ডপ্রাপ্ত আসামি শাকিল হোসেন মেহেরপুরের গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের আব্দাল হাসানের ছেলে। মেহেরপুর নারী ও শিশু দমন এবং শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর মোস্তাফিজুর রহমান তুহিন রায়ের বিষয়টি নিশ্চিত করেন। মামলা সূত্রে জানা যায়, ২০২৫ সালের ১৬ জুন পঞ্চম শ্রেণির মেয়ে তার বাবাকে বাড়ির পাশের মাঠে খাবার দিতে যাওয়ার সময় ধর্ষক শাকিল হোসেন ধারালো হাঁসুয়া দিয়ে হত্যার ভয় দেখিয়ে পার্শ্ববর্তী পাটক্ষেতে নিয়ে ধর্ষণ করে। পরে মেয়েটি বাড়ি ফিরে তার পরিবারকে বিষয়টি জানালে গ্রামবাসী তাকে আটক করে গণপিটুনি দিয়ে পুলিশে দেয়। পরে শিশুর বাবা গাংনী থানায় ধর্ষণ মামলা করেন। রায় ঘোষণার সময় আদালতে বাদী ও আসামিপক্ষের আইনজীবী এবং আসামি উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## অগ্নিবীণা এক্সপ্রেসের ইঞ্জিনে আগুন

ময়মনসিংহ রেলওয়ে স্টেশনে আন্তঃনগর অগ্নিবীণা এক্সপ্রেস ট্রেনের ইঞ্জিনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এতে কোনো হতাহতের ঘটনা না ঘটলেও, ইঞ্জিনটি বিকল হয়ে যায়। রোববার (২৪ মে) বিকেল পৌনে ৩টার দিকে ময়মনসিংহ রেলওয়ে স্টেশনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা তারাকান্দিগামী আন্তঃনগর অগ্নিবীণা এক্সপ্রেস ট্রেনটি স্টেশনে পৌঁছানোর পর, হঠাৎ ইঞ্জিন থেকে ধোঁয়া বের হতে দেখা যায়। এসময় স্টেশনে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ময়মনসিংহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আকতার হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## পশুবাহী গাড়ি জোর করে নির্দিষ্ট হাটে নেওয়া ঠেকাতে নজরদারি করছে র‍্যাব

আসন্ন ঈদুল আজহা সামনে রেখে কোরবানির পশুবাহী গাড়ি যেন জোর করে কোনো নির্দিষ্ট হাটে নিতে বাধ্য করা না হয়, সে বিষয়ে র‍্যাব বিশেষ নজরদারি করছে বলে জানিয়েছেন বাহিনীর মহাপরিচালক (ডিজি) মো. আহসান হাবীব পলাশ। রোববার (২৪ মে) রাজধানীর গাবতলী পশুর হাট পরিদর্শন শেষে সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। অতিরিক্ত আইজিপি আহসান হাবীব বলেন, ঈদ কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে রাজধানীসহ সারা দেশে নিরাপত্তা-ব্যবস্থা জোরদার করা হয়েছে। অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি, র‍্যাবও রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় চেকপোস্ট স্থাপন করেছে। একইসঙ্গে পশুর হাটগুলোতে কন্ট্রোল রুম চালু করা হয়েছে। তিনি বলেন, গবাদি পশু নিরাপদে হাটে পৌঁছানো নিশ্চিত করতে র‍্যাবের ব্যাটালিয়নগুলো নিজ নিজ দায়িত্বপূর্ণ এলাকায় জোরদার টহল পরিচালনা করছে। পাশাপাশি ঝুঁকিপূর্ণ ও গুরুত্বপূর্ণ এলাকায় নিরাপত্তা নিশ্চিতে চেকপোস্ট পরিচালনা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## সরকারের ১০০ দিন পূর্তিতে সংবাদ সম্মেলন ডেকেছে প্রধানমন্ত্রীর প্রেস উইং

সরকারের '১০০ দিন পূর্তি' উপলক্ষ্যে সংবাদ সম্মেলনের আয়োজন করেছে প্রধানমন্ত্রীর প্রেস উইং। আগামীকাল সোমবার বিলেক ৩টায় প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ের 'করবী' হলে এ সংবাদ সম্মেলন হবে। সংবাদ সম্মেলনে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এবং প্রেস উইংয়ের সদস্যরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## টাঙ্গাইলে সিএনজি-মোটরসাইকেলের সংঘর্ষে ৩ শিক্ষার্থী নিহত

টাঙ্গাইলের বাসাইলে সিএনজিচালিত অটোরিকশা-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে স্কুলের তিন শিক্ষার্থী নিহত হয়েছেন। রোববার (২৪ মে) দুপুরে উপজেলার কাশিল ইউনিয়নের বাংড়া কালি মন্দিরের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার বাংড়া গ্রামের প্রবাসী রফিক মিয়ার ছেলে নবম শ্রেণির শিক্ষার্থী তাকবীর মিয়া (১৫) ও একই এলাকার শওকত আলীর ছেলে অষ্টম শ্রেণির ছাত্র লিমন মিয়া (১৩), একই এলাকার নবম শ্রেণির শিক্ষার্থী

সোলায়মানের ছেলে মো. সাইমন (১৪)। স্থানীয়রা জানায়, টাঙ্গাইলগামী একটি বেপরোয়া গতির সিএনজি বাসাইল-ভাতকুড়া সড়কের বাংড়া কালি মন্দিরের সামনে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলে থাকা তিনজনের মধ্যে ঘটনাস্থলেই তাকবীর মিয়ার মৃত্যু হয়। এ ঘটনায় আহত দুইজনকে স্থানীয়রা উদ্ধার করে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে পাঠানো হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় লিমনের মৃত্যু হয়। পরে আহত সাইমনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা নেওয়ার পথে তার মৃত্যু হয়। বাসাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবির বলেন, আইনি প্রক্রিয়া শেষে নিহতদের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## নির্বাচনি ব্যয়ের হিসাব না দেওয়া ২১ প্রার্থীর বিষয়ে ব্যবস্থা নেবে ইসি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ২১ প্রার্থী এখনো নির্বাচনি ব্যয়ের হিসাব জমা না দেওয়ায়, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ বিষয়ে পদক্ষেপ নিতে এরই মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাদের চিঠি দিয়েছে ইসি। রোববার (২৪ মে) সংস্থার কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেন। তারা জানান, অভিযুক্ত প্রার্থীদের দ্রুত নির্বাচনি ব্যয়ের হিসাব দিতে বলা হয়েছে। এজন্য আগামী ১৪ জুন পর্যন্ত সময় বেধে দেওয়া হয়েছে। এই সময়ের মধ্যেও যারা হিসাব দিতে ব্যর্থ হবেন, তাদের বিরুদ্ধে গণপ্রতিনিধিত্ব আদেশের আওতায় সর্বনিম্ন দুই বছর থেকে সর্বোচ্চ সাত বছরের কারাদণ্ড ও জরিমানার বিধান রয়েছে। ইসির উপ-সচিব মোহাম্মদ মনির হোসেনের পাঠানো চিঠিতে বলা হয়, সংসদ নির্বাচনে যে-সব প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্ধারিত সময়ে নির্বাচনি ব্যয়ের রিটার্ন দাখিল করেননি, তাদের দাখিলের জন্য আগে ৬ মে পর্যন্ত সময়সীমা বাড়ানো হয়েছিল। তা সত্ত্বেও যে-সব প্রতিদ্বন্দ্বী প্রার্থী এই সময়ের মধ্যেও ব্যয়ের রিটার্ন দাখিল করেননি, তাদের দাখিলের জন্য সর্বশেষ ১৪ জুন পর্যন্ত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত দিয়েছে নির্বাচন কমিশন। এই বর্ধিত সময়ের মধ্যে যারা হিসাব জমা দেবেন না, তাদের বিরুদ্ধে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ৭৪-এর বিধান অনুযায়ী কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## আত্মসমর্পণ করা ১২৭ জলদস্যুকে ঈদ উপহার দিলো র‍্যাব

দক্ষিণ বঙ্গোপসাগরের উপকূলীয় অঞ্চল থেকে বিভিন্ন সময় আত্মসমর্পণ করা ১২৭ জন সাবেক জলদস্যুর মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছে র‍্যাব-৭। একইসঙ্গে তাদের বর্তমান জীবনযাপন ও পুনর্বাসন কার্যক্রম নিয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। রোববার (২৪ মে) সকালে চট্টগ্রাম নগরের পতেঙ্গা এলাকার এলিট হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। র‍্যাবের মহাপরিচালকের পক্ষ থেকে এসব উপহার সামগ্রী বিতরণ করেন র‍্যাব-৭-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. হাফিজুর রহমান। র‍্যাব জানায়, ২০১৮, ২০২০ ও ২০২৪ সালে মহেশখালী, কুতুবদিয়া, বাঁশখালী ও পেকুয়া উপকূলীয় অঞ্চল থেকে আত্মসমর্পণ করা ১২৭ জন জলদস্যুকে 'আলোর পথের অভিযাত্রী' হিসেবে পুনর্বাসনের আওতায় আনা হয়েছে। তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে বিভিন্ন সময় সহযোগিতা ও প্রণোদনা দিয়ে আসছে বাহিনীটি। অনুষ্ঠানে র‍্যাব কর্মকর্তারা বলেন, উপকূলীয় এলাকায় জলদস্যুতা, ডাকাতি ও অন্যান্য অপরাধ দমনে আত্মসমর্পণ কর্মসূচি কার্যকর ভূমিকা রেখেছে। আত্মসমর্পণের পর সাবেক জলদস্যুরা যেন পুনরায় অপরাধে জড়িয়ে না পড়েন, সে জন্য তাদের নিয়মিত তদারকি ও সহায়তা দেওয়া হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## জাল সনদে চাকরি বাগিয়ে নেওয়া ২৪ শিক্ষককে মাউশির শোকজ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) যাচাইয়ে জাল সনদের প্রমাণ পাওয়ায় ২৪ জন কলেজ পর্যায়ের শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। একইসঙ্গে, এসব শিক্ষকের এমপিও সুবিধা বাতিল, বেতন-ভাতা বাবদ নেওয়া অর্থ ফেরত এবং মামলার প্রস্তুতিও নেওয়া হচ্ছে। রোববার (২৪ মে) মাউশির ওয়েবসাইটে এ আদেশের কপি প্রকাশ করা হয়। তবে, আদেশে শনিবার (২৩ মে) সই করা হয়েছে। মাউশির বেসরকারি কলেজ শাখা-৩-এর সহকারী পরিচালক মো. মাঈন উদ্দিন এতে সই করেছেন। আদেশে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা হতে ৮৫ জন জাল/ভুয়া সনদধারী শিক্ষকের তালিকাসহ একটি চিঠি পাঠানো হয়েছে। এতে এনটিআরসিএ কর্তৃক মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতাধীন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত মোট ৮৫ জন (কলেজপর্যায় ২৪ ও স্কুলপর্যায় ৬১) জন শিক্ষকের প্রত্যয়নপত্র যাচাই শেষে জাল প্রমাণিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ১৬ শিশুর মৃত্যু

দেশে হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১৬ শিশুর মৃত্যু হয়েছে। তবে নতুন করে কেউ নিশ্চিত হামে মারা যায়নি। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৫২৮ জনে। রোববার (২৪ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি, অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। শনিবার (২২ মে) সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতির বিষয়ে প্রতিবেদনে জানানো হয়, এ সময়ে সন্দেহজনক হাম রোগে ১৬ জন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত

নিশ্চিত হামে ৮৬ জনের প্রাণ গেছে। একই সময়ে সন্দেহভাজন হামে প্রাণহানির সংখ্যা ৪৪২। এছাড়া, ১৫ মার্চের পর থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৮ হাজার ৬২২ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৬৩ হাজার ৮১৩। উল্লিখিত সময়ে হাম সন্দেহে হাসপাতালে ভর্তি করা হয়েছে ৫০ হাজার ৫৫৮ জনকে এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৪৬ হাজার ২১৪ জন। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৫০ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া, বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেটে তিন এবং ময়মনসিংহ ও রাজশাহীতে দুজন করে মৃত্যুবরণ করেছে। সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ১৭৪ জনের মৃত্যু ঘটেছে ঢাকা বিভাগে। এরপর ৮০ জন মারা গেছে রাজশাহীতে। সেই সঙ্গে সিলেটে ৫০, চট্টগ্রামে ৪২, ময়মনসিংহে ৩৭, বরিশালে ৩২, খুলনায় ২১ ও রংপুরে ছয়জন প্রাণ হারিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## হাম মোকাবিলায় চিকিৎসা সামগ্রী অনুদান দিলো আইসিআরসি

বাংলাদেশে চলমান হাম পরিস্থিতি মোকাবিলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে জরুরি চিকিৎসা সরঞ্জাম অনুদান দিয়েছে আন্তর্জাতিক রেড ক্রস কমিটি (আইসিআরসি)। রোববার (২৪ মে) সচিবালয়ে এক অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেনের কাছে এসব সরঞ্জাম হস্তান্তর করা হয়। আইসিআরসি ঢাকা ডেলিগেশনের পক্ষ থেকে হেলথ প্রোগ্রাম ম্যানেজার ডা. জলিসা খানম আনুষ্ঠানিকভাবে এই চিকিৎসা সরঞ্জাম হস্তান্তর করেন। এই অনুদানের আওতায় ১৪টি অক্সিজেন কনসেনট্রেটর, ৫৭০টি এয়ারওয়ে ম্যানেজমেন্ট ডিভাইস, ১২টি ব্যাগ-ভালভ-মাস্ক (BVM) রিসাসিটেটর এবং ম্যানুয়াল সাকশন ডিভাইস অন্তর্ভুক্ত রয়েছে, যা জরুরি প্রস্তুতি ও প্রতিক্রিয়া সক্ষমতা জোরদার করার পাশাপাশি শ্বাসকষ্টজনিত জটিলতা এবং অন্যান্য জরুরি রোগী ব্যবস্থাপনায় স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করবে। অনুষ্ঠানে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের ঊর্ধ্বতন প্রতিনিধি এবং আন্তর্জাতিক রেড ক্রস কমিটির (আইসিআরসি) বাংলাদেশ ডেলিগেশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## মানবতাবিরোধী অপরাধের বিচারে হস্তক্ষেপ কাম্য নয় : চিফ প্রসিকিউটর

বাংলাদেশে মানবতাবিরোধী অপরাধের বিচার প্রক্রিয়ায় কারও হস্তক্ষেপ করা উচিত হবে না বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। তিনি বলেন, মামলার তদন্ত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার এখতিয়ার। এ ধরনের হস্তক্ষেপ করার আইনগত সুযোগ নেই। তিনি আরও বলেন, কোনো সংস্থা সেটা অ্যামনেস্টি হোক বা হিউম্যান রাইটস অর্গানাইজেশন হোক, কারও এ বিষয়ে হস্তক্ষেপ করা উচিত হবে না। রোববার (২৪ মে) নিজ কার্যালয়ের সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এ সময় শাপলা চত্বরের মামলায় সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রুপাকে গ্রেফতার দেখানোয় অ্যামনেস্টিসহ বিভিন্ন মানবাধিকার সংস্থার প্রতিক্রিয়ার বিষয়ে কথা বলেন চিফ প্রসিকিউটর। শাপলা চত্বরের মামলার বিষয়ে তিনি বলেন, আমাদের তদন্ত চলমান। যাদের সংশ্লিষ্টতা পাওয়া যাবে, তাদেরই বিচারের মুখোমুখি করা হবে। তবে আমরা অহেতুক কোনো নির্দোষ ব্যক্তিকে হয়রানি করার জন্য বিচারের মুখোমুখি করবো না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ রিহাব)

## বিপিসির প্রধান কার্যালয় ঢাকায় সরালে ব্যয় বাড়বে কয়েকগুণ

তরল পেট্রোলিয়াম জ্বালানি আমদানি, পরিশোধন, বিপণন ও নিয়ন্ত্রণের কাজ করে সরকারি সংস্থা বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। জাতীয় গুরুত্বপূর্ণ খাতটির পুরোটাই চট্টগ্রামকেন্দ্রিক। অথচ সংস্থাটির প্রধান কার্যালয় ঢাকায় সরিয়ে নেওয়ার তোড়জোড় চলছে, যেটা সরালে শুধু ব্যয়ই বাড়বে কয়েকগুণ। স্বাধীনতা পরবর্তী সময়ে গুরুত্ব অনুধাবন ও চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী করার উদ্দেশ্যে বিপিসির প্রধান কার্যালয় চট্টগ্রামে নেওয়া হয়। ডিজিটাল যুগে শুধু নথিপত্র আদান-প্রদান এবং ভাড়া ভবনে প্রধান কার্যালয়ের কার্যক্রম চালানোর ঠুনকো অজুহাতে বিপিসির প্রধান কার্যালয় ঢাকায় নিয়ে যাওয়ার তোড়জোড় শুরু করেছে সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। সচেতন মহল ও সংশ্লিষ্টরা বলছেন, বিপিসির প্রধান কার্যালয় ঢাকায় নেওয়া হলে উল্টো জটিলতার পাশাপাশি অপারেশনাল ব্যয় কয়েকগুণ বেড়ে যাবে। তা ছাড়া চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী করার বিষয়ে বর্তমানে সরকারের প্রধানমন্ত্রীর নির্বাচনি প্রতিশ্রুতিও প্রশ্নবিদ্ধ হয়ে দাঁড়াবে। জানা যায়, ১৯৭৬ সাল পর্যন্ত পেট্রোবাংলার একটি অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে ছিল বিপিসি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ইসলামী ব্যাংকের চেয়ারম্যান জুবায়দুর রহমানের পদত্যাগ

বেসরকারি খাতের ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসির চেয়ারম্যান অধ্যাপক এম জুবায়দুর রহমান পদত্যাগ করেছেন। রোববার (২৪ মে) তিনি বাংলাদেশ ব্যাংকে পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে সংশ্লিষ্ট একাধিক সূত্র নিশ্চিত করেছে। জানা গেছে, ২০২৫ সালের জুলাইয়ে বাংলাদেশ ব্যাংক তাকে ইসলামী ব্যাংকের স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ দেয়। পরে তিনি ব্যাংকটির চেয়ারম্যান নির্বাচিত হন। সে সময় কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর ছিলেন অর্থনীতিবিদ আহসান এইচ মনসুর। বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা যায়, বিএনপি সরকারের দায়িত্ব গ্রহণ এবং নতুন গভর্নর মোস্তাকুর রহমান যোগদানের পর ইসলামী ব্যাংকসংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় ব্যাংক ও ব্যাংকটির শীর্ষ

কর্মকর্তাদের মধ্যে মতপার্থক্য তৈরি হয়। এ অবস্থায় অনলাইনে সভায় অংশ নেওয়ার শর্তে চেয়ারম্যান এম জুবায়দুর রহমান দেড় মাসের ছুটিতে দেশের বাইরে যান। একইসঙ্গে, ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ওমর ফারুক খানকেও ছুটিতে পাঠানো হয়। গত ১২ এপ্রিল অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় তাদের ছুটি অনুমোদন দেওয়া হয়েছিল। সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, সোমবার ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ে পরিচালনা পর্ষদের সভা আহ্বান করা হয়েছিল। সভাকে কেন্দ্র করে ব্যাংকের কিছু গ্রাহক ও কর্মকর্তা প্রধান কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে আন্দোলন শুরু করেন। তারা এমডি ওমর ফারুক খানকে পদত্যাগ না করার দাবি জানান এবং চেয়ারম্যান এম জুবায়দুর রহমানের পদত্যাগ চান। এমন পরিস্থিতির মধ্যেই জুবায়দুর রহমান বাংলাদেশ ব্যাংকে পদত্যাগপত্র জমা দেন। অন্যদিকে, ছুটিতে থাকা এমডি ওমর ফারুক খানও পরিচালনা পর্ষদের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে ব্যাংকটির একটি সূত্র জানিয়েছে। তবে পরিচালনা পর্ষদের সভা স্থগিত হওয়ায় এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। বিষয়টি নিয়ে বক্তব্য জানতে এম জুবায়দুর রহমান ও ওমর ফারুক খানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও, তাদের মন্তব্য পাওয়া যায়নি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## চার প্রকল্পে ১ দশমিক ৪ বিলিয়ন ডলারের সহায়তা দেবে এডিবি

দেশের অর্থনৈতিক ব্যবস্থাপনা, সামাজিক সুরক্ষা ও অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে চারটি বড়ো প্রকল্পে ১ দশমিক ৪ বিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন ও সহযোগিতা দেবে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি)। রোববার (২৪ মে) ঢাকার ইন্টার-কন্টিনেন্টাল হোটেলে বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এবং এডিবির মধ্যে দ্বিপাক্ষিক চুক্তি সই অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। এ চুক্তির আওতায় দেশের অর্থনৈতিক ব্যবস্থাপনা, সামাজিক সুরক্ষা এবং অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে ৪টি বড়ো প্রকল্পে ১ দশমিক ৪ বিলিয়ন ডলার অর্থায়ন ও সহযোগিতা নিশ্চিত করা হবে। চুক্তির আওতায় যে-সব প্রকল্পে অর্থায়ন দেওয়া হবে, সেগুলো হলো- 'স্ট্রেনদেনিং ইকোনমিক ম্যানেজমেন্ট অ্যান্ড গভর্ন্যান্স প্রোগ্রাম (সাব-প্রোগ্রাম-২)', 'সেকেন্ড স্ট্রেনদেনিং সোশ্যাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (সাব-প্রোগ্রাম-২)', 'সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক প্রকল্প' এবং 'নারায়ণগঞ্জ গ্রিন অ্যান্ড রেজিলিয়েন্ট আরবান ডেভেলপমেন্ট প্রজেক্ট'। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## মোহাম্মদপুরে ৯ তলা ভবনে আগুন

রাজধানীর মোহাম্মদপুরে একটি ৯ তলা ভবনে আগুন লেগেছে। ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। রোববার (২৪ মে) সন্ধ্যায় ফায়ার সার্ভিসের কন্ট্রোলরুম কর্মকর্তা রাকিবুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। রাকিবুল বলেন, "সন্ধ্যা ৭টা ৩ মিনিটে জাপান গার্ডেন সিটির বিপরীতে একটি ৯ তলা ভবনে আগুন লাগে। প্রথমে আমরা খবর পেয়েছিলাম যে, এটি রেস্টুরেন্ট। পরে জানা যায়, তা আবাসিক ভবন। ঘটনাস্থলে আমাদের দুটি ইউনিট পৌঁছে কাজ করছে। বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আছে।" এখন পর্যন্ত কোনো হতাহতের বিষয়ে কন্ট্রোলরুম সংবাদ পায়নি বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধানে জাতীয় স্বার্থ রক্ষা করে চুক্তি করবে সরকার

বঙ্গোপসাগরে তেল-গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করেছে সরকার। 'বাংলাদেশ অফশোর বিডিং রাউন্ড ২০২৬'-এর আওতায় মোট ২৬টি ব্লকে (১১টি অগভীর ও ১৫টি গভীর সমুদ্র) অনুসন্ধানের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। জাতীয় স্বার্থ রক্ষা করে আন্তর্জাতিক কোম্পানিগুলোর সঙ্গে এ সংক্রান্ত চুক্তি সরকার করবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। রোববার (২৪ মে) সচিবালয়ে 'বাংলাদেশ অফশোর বিডিং রাউন্ড-২০২৬' নিয়ে সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা জানান। ইকবাল হাসান মাহমুদ বলেন, বিএনপি আমলের পর আর নতুন করে কোনো বিদেশি কোম্পানিকে এনে এভাবে জাতীয় বিডিং করা হয়নি। আমরা দেখেছি যে, সমুদ্র বিজয় হয়েছে, তা নিয়ে অনেক লাফালাফি হয়েছে। কিন্তু সেখান থেকে যে আহরণ করতে হবে, সেই ব্যবস্থা ভুলে গিয়েছিল। মন্ত্রী বলেন, এখনো মাটির নিচে কী আছে, আমরা জানি না। তা আমরা জনগণের কাছে ওয়াদাবদ্ধ ছিলাম যে, আমরা ক্ষমতায় আসলে আমাদের বাপেক্সকে আমরা শক্তিশালী করবো।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

## মেট্রোরেল ভ্রমণে ২৫% ছাড় পাবেন বয়স্ক ও বিশেষ চাহিদাসম্পন্নরা

দেশের জ্যেষ্ঠ নাগরিক ও প্রতিবন্ধী বা বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য মেট্রোরেলে একক যাত্রা টিকিটে ২৫ শতাংশ বিশেষ ছাড় দেওয়ার ঘোষণা দিয়েছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। রোববার (২৪ মে) এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানান ডিএমটিসিএলের এমআরটি লাইন-৬ এর উপ-প্রকল্প পরিচালক (গণসংযোগ) আহসান উল্লাহ শরিফী। বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারের সিদ্ধান্ত মোতাবেক মেট্রোরেলের যাত্রীদের মধ্যে সিনিয়র সিটিজেন (৬৫ বছর বা তদূর্ধ্ব) যাত্রীরা জাতীয় পরিচয়পত্র প্রদর্শনের মাধ্যমে বয়স যাচাই সাপেক্ষে একক যাত্রা টিকিটে ২৫ শতাংশ বিশেষ ছাড় পাবেন এবং প্রতিবন্ধী বা বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিরা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন 'সুবর্ণ' পরিচয়পত্র প্রদর্শন করে একক যাত্রা টিকিটে ২৫ শতাংশ বিশেষ ছাড় পাবেন। সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের মন্ত্রী

শেখ রবিউল আলম আগামীকাল সোমবার (২৫ মে) দুপুর সাড়ে ১২টায় ফার্মগেট মেট্রো স্টেশনে ওই কার্যক্রমের উদ্‌বোধন করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

**দরবার নিয়ে বিভ্রান্তিকর তথ্য নিয়ে বাহিনীর ব্যাখ্যা**

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (আনসার-ভিডিপি) ৪৬তম জাতীয় সমাবেশ কেন্দ্র করে গণমাধ্যমে প্রকাশিত একটি প্রতিবেদনের বিষয়ে আনুষ্ঠানিক ব্যাখ্যা দিয়েছে। সম্প্রতি কিছু সংবাদমাধ্যমে 'গাজীপুরে প্রধানমন্ত্রীর দরবারে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগে তিন আনসার সদস্য গ্রেফতার' শিরোনামে প্রকাশিত খবরকে বিভ্রান্তিকর বলে দাবি করেছে বাহিনীটি। বাহিনীর পক্ষ থেকে জানানো হয়, যাদের 'আনসার সদস্য' হিসেবে উল্লেখ করা হয়েছে, তারা প্রকৃতপক্ষে স্বেচ্ছাসেবী গ্রাম প্রতিরক্ষা দলের (ভিডিপি) সদস্য। তারা ওই দরবার কর্মসূচিতে অংশগ্রহণের জন্য অনুমোদিত বা নিরাপত্তা ছাড়পত্রপ্রাপ্ত কোনো তালিকাভুক্ত সদস্য ছিলেন না। রোববার (২৪ মে) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপ-পরিচালক ও গণসংযোগ কর্মকর্তা মো. আশিকউজ্জামান এসব তথ্য জানান। তিনি জানান, প্রধানমন্ত্রীর দরবারসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অংশগ্রহণের ক্ষেত্রে কঠোর নিরাপত্তা যাচাই ও অনুমোদন প্রক্রিয়া অনুসরণ করা হয়। নির্ধারিত প্রক্রিয়া ছাড়া কারও সেখানে অংশ নেওয়ার সুযোগ নেই। সংশ্লিষ্ট তিন ব্যক্তি ওইদিনের কোনো আনুষ্ঠানিক কর্মসূচিতেও অংশ নেননি বলে দাবি করা হয়। ঘটনার পর সমাপনী পর্যায়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের কার্যক্রম ও আচরণ পর্যালোচনা করে অভ্যন্তরীণ শৃঙ্খলা ভঙ্গ ও সন্দেহজনক কার্যকলাপের তথ্য পাওয়া যায়। এর ভিত্তিতে আইনানুগ প্রক্রিয়ায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয় এবং পরে নিয়মিত মামলা করা হয়। মূল অভিযোগটি সরাসরি দরবার অনুষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টির নয় বরং ব্যারাকে অবস্থানকালীন সময়ে অভ্যন্তরীণ শৃঙ্খলা ও প্রশিক্ষণ পরিবেশ বিঘ্নিত করার অভিযোগ এবং বাহিনী পরিপন্থি কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ততার বিষয়টি তদন্তে উঠে এসেছে। ৪৬তম জাতীয় সমাবেশ উপলক্ষ্যে আয়োজিত দরবারে অংশ নেওয়া বাহিনীর প্রতিনিধিরা যথাযথ নিয়মনীতি ও নিরাপত্তা প্রটোকল অনুসরণ করে শান্তিপূর্ণভাবে কার্যক্রম সম্পন্ন করেন বলেও জানানো হয়। উপ-পরিচালক আশিকউজ্জামান আরও জানান, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী একটি শৃঙ্খলাবদ্ধ ও রাষ্ট্রীয় দায়িত্বপ্রাপ্ত বাহিনী হিসেবে আইন-শৃঙ্খলা ও অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ বা শৃঙ্খলা বিঘ্নিত করে, এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে বিদ্যমান আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ অব্যাহত থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

**বিমানের বহির্গমন ফ্লাইটে যাত্রীদের উপহার ও বিশেষ খাবার বিতরণের উদ্যোগ**

পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে জাতীয় পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আন্তর্জাতিক সব বহির্গমন ফ্লাইটে যাত্রীদের জন্য উপহার সামগ্রী ও বিশেষ খাবার বিতরণের উদ্যোগ নিয়েছে। যাত্রীসেবার মান উন্নয়ন ও যাত্রীদের সঙ্গে আন্তরিক সম্পর্ক আরও সুদৃঢ় করার জন্য এমন উদ্যোগ নেওয়া হয়েছে। রোববার (২৪ মে) বিমানের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। উপহার সামগ্রী ঈদের দিন যাত্রীদের মধ্যে বিতরণের লক্ষ্যে আজ রোববার বলাকা ভবনে উপহার সামগ্রী হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও কাইজার সোহেল আহমেদ এসব উপহার বিক্রয়সিসির মহাব্যবস্থাপকের কাছে আনুষ্ঠানিক হস্তান্তর করেন। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ঈদের দিন আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রীদের জন্য বিশেষ খাবার পরিবেশন করা হবে। এছাড়া, ঈদের দিন দায়িত্ব পালনরত বিমানের সব শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের জন্যও বিশেষ খাবারের ব্যবস্থা রাখা হয়েছে, যাতে উৎসবের আনন্দ কর্মক্ষেত্রেও সমভাবে ভাগাভাগি করা যায়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

**বাজেটের আকার বাড়লেও জনগণের ভাগ্যের উন্নয়ন হয়নি : পরওয়ার**

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বাজেটের আকার বাড়লেও জনগণের ভাগ্যের উন্নয়ন হয়নি, জনগণের জীবনমানের উন্নয়ন হয়নি। কখনও কখনও দেখা গেছে, বাজেট ছিল লুটপাটের হাতিয়ার। তিনি আরও বলেন, স্বাধীন বাংলাদেশের প্রথম বাজেট ছিল ৭৮৬ কোটি টাকা। সেই বাজেট ক্রমেই বাড়তে বাড়তে আসন্ন বাজেট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকা নির্ধারণ করা হচ্ছে। কিন্তু স্বাধীনতার ৫৫ বছরে বাজেটের আকার বাড়লেও, জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেনি। আসন্ন বাজেট যেন দুর্নীতি ও লুটপাটের হাতিয়ার হতে না পারে, এজন্য তিনি সরকারকে সুস্পষ্ট দিক-নির্দেশনা তুলে ধরার আহ্বান জানান। রোববার (২৪ মে) রাজধানীর ইকোনোমিকস রিপোর্টার্স ফোরামের অডিটরিয়ামে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত অর্থনীতি বিটের সাংবাদিকদের সঙ্গে 'জাতীয় বাজেট ভাবনা' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

**শাহজালাল বিমানবন্দরে ইডিডি পুনর্বহাল, ওসমানীতে দ্বিতীয় ইডিএস চালু**

দেশের বিমানবন্দরগুলোতে রপ্তানি কার্গো স্ক্রিনিং সক্ষমতা আরও সম্প্রসারিত হয়েছে। ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিস্ফোরক শনাক্তকারী কুকুর (ইডিডি) পদ্ধতি ব্যবহার করে সরাসরি যুক্তরাজ্যগামী রপ্তানি কার্গো স্ক্রিনিং পরিচালনার অনুমোদন পুনর্বহাল হয়েছে। পাশাপাশি সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে

দ্বিতীয় বিস্ফোরক শনাক্তকরণ পদ্ধতি (ইডিএস) চালু করা হয়েছে। রোববার (২৪ মে) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৫.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের বিদায়ি সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। রোববার বিকেলে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতের সময় পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশে প্রায় চার বছরের দায়িত্ব পালন শেষে প্রণয় ভার্মাকে বেলজিয়াম ও ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ২০২২ সালের সেপ্টেম্বরে ঢাকায় ভারতের ১৮তম হাইকমিশনার হিসেবে যোগ দেন প্রণয় ভার্মা এবং ১৯৯৪ সালে ভারতীয় ফরেন সার্ভিসে যোগ দেন তিনি। ঢাকায় আসার আগে, তিনি ২০১৯ সালের জুলাই থেকে ভিয়েতনামে ভারতের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## কক্সবাজার আদালত চত্বরে গোলাগুলি, গুলিবিদ্ধ ২

কক্সবাজার আদালত চত্বরে দুইপক্ষের মধ্যে গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে দুই স্বেচ্ছাসেবক দল নেতাসহ গুলিবিদ্ধসহ পাঁচজন আহত হয়েছেন। গুলিবিদ্ধ স্বেচ্ছাসেবক দল নেতারা হলেন- মহিউদ্দিন ও রনি। রোববার বেলা ১১টার দিকে কক্সবাজার জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, কক্সবাজার সদরের ঝিলংজা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী মেম্বার তার সহযোগীদের নিয়ে মামলায় হাজিরা দিতে আদালতে যান। হাজিরা শেষে বের হওয়ার পথে তাকে লক্ষ্য করে প্রতিপক্ষের লোকজন গুলি চালায়। কক্সবাজারের অতিরিক্ত পুলিশ সুপার অহিদুর রহমান জানিয়েছেন, এ ঘটনায় এখন পর্যন্ত তিনজনকে আটক করা হয়েছে। আহতদের কক্সবাজার জেলা সদর হাসপাতালে নেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## ঝিনাইদহে স্বামীর ধারালো অস্ত্রের আঘাতে স্ত্রী খুন

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়ামারা গ্রামে পারিবারিক কলহের জেরে স্বামীর ধারালো অস্ত্রের আঘাতে স্ত্রী সাগরিকা খাতুন ওরফে বুলবুলির (৩০) মর্মান্তিক মৃত্যু হয়েছে। শনিবার দিবাগত মধ্যরাতে হামলার শিকার হওয়ার পর রোববার ভোররাতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এদিকে, ঘটনার পর থেকেই তার স্বামী শিমুল মিয়া পলাতক রয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, দিনমজুর স্বামী শিমুল মিয়া পারিবারিক কলহের জেরে শনিবার দিবাগত মধ্যরাতে স্ত্রী সাগরিকা খাতুনকে ধারালো অস্ত্র দিয়ে মাথা, হাত, পা-সহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে। পরে তার চিৎকার শুনে স্থানীয়রা ছুটে এসে সাগরিকাকে উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ভোর ৪টার দিকে তার মৃত্যু হয়। সাগরিকা বেশ কিছুদিন যাবৎ স্বামীর সঙ্গে বনিবনা না হওয়ায় পার্শ্ববর্তী করিমপুর গ্রামে বাবার বাড়িতে অবস্থান করছিলেন। মাত্র তিনদিন আগে স্বামী শিমুল তাকে আবারও নিজের বাড়িতে ফিরিয়ে এনেছিলেন। ঝিনাইদহ সদর থানার ওসি আসাদুজ্জামান বলেন, পারিবারিক বিরোধের জেরেই ঘটনাটি ঘটেছে বলে ধারণা করা হচ্ছে। তদন্ত শেষে বিস্তারিত বলা যাবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## ছাত্রদলের মিথ্যা মামলায় তারেক রেজাকে গ্রেফতার : নাহিদ

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম অভিযোগ করেছেন, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ছাত্রদলের করা মিথ্যা মামলায় এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার রাতে দেওয়া এক ফেসবুক পোস্টে তিনি এ অভিযোগ করেন। ফেসবুক পোস্টে তিনি লেখেন, ছাত্রদলের দায়ের করা একটি মিথ্যা ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলায় ১৭ জুলাইয়ের ঐতিহাসিক গায়েবানা জানাজার ইমাম তারেক রেজাকে কিছুক্ষণ আগে ঝিনাইদহ সদর থানা পুলিশ গ্রেফতার করেছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## আগামীকাল থেকে চলবে ১০টি স্পেশাল ট্রেন : রেলমন্ত্রী

রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম বলেছেন, সকাল থেকে আমি যতটা জানি যে, তিনটি ট্রেনের সম্ভবত একটু ডিলে হয়েছে। একটা আসতে দেরি করেছে। সেটার হুইল স্লিপ করেছিল। এছাড়া, আগামীকাল থেকে ৫ জোড়া বিশেষ ট্রেন অর্থাৎ অতিরিক্ত ১০টি ট্রেন চলাচল করবে বলেও তিনি জানিয়েছেন। রোববার কমলাপুর রেলওয়ে স্টেশনে ঈদ যাত্রার ব্যবস্থাপনা দেখতে গিয়ে তিনি এসব কথা বলেন। রেলমন্ত্রী বলেন, যাতায়াত নিশ্চিত করার জন্য আমাদের যে ট্রেনের সংখ্যা, সেটা পর্যাপ্ত নয়। আমরা ৩২ হাজার মানুষকে আন্তঃনগর ট্রেনে প্রতিদিন যাত্রার সুযোগ করে দিতে পারি। ঈদ উপলক্ষ্যে আরো ২৫ শতাংশ বৃদ্ধি করে ৪ হাজারের মতো যাত্রী যাওয়ার সুযোগ করে দিতে পারি। লাখ লাখ যাত্রীর ট্রেনে যাওয়ার ইচ্ছা আছে। তো সেই ম্যানেজমেন্টটা একটু চ্যালেঞ্জ। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## কোরবানির চামড়ার সুষ্ঠু ব্যবস্থাপনায় কন্ট্রোল রুম বাণিজ্য মন্ত্রণালয়ের

ঈদুল আজহাকে সামনে রেখে কোরবানির পশুর কাঁচা চামড়া সুষ্ঠুভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনায় একটি কন্ট্রোল রুম চালু করেছে বাণিজ্য মন্ত্রণালয়। তা ছাড়া, গণসচেতনতা বাড়াতে দেশের সরকারি ও বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোতে বিশেষ বার্তা স্ক্রল আকারে প্রচারের অনুরোধ জানিয়েছে মন্ত্রণালয়। রবিবার বাণিজ্য মন্ত্রণালয়ের রপ্তানি-২ শাখা থেকে উপ-সচিব নাসরিন সুলতানা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১২ এপ্রিল অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় কোরবানির পশুর চামড়া যথাযথভাবে ছাড়ানো, পর্যাপ্ত লবণ ব্যবহার এবং কাঁচা চামড়ার সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে বিভিন্ন সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী, ঈদুল আজহা উপলক্ষ্যে প্রাপ্ত কাঁচা চামড়া যাতে নষ্ট না হয় এবং বাজার ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টি না হয়, সেজন্য জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে টেলিভিশন চ্যানেলগুলোতে একটি বার্তা প্রচার করা হবে। বার্তায় বলা হয়েছে, কোরবানির চামড়া সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে বাণিজ্য মন্ত্রণালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এ বিষয়ে যোগাযোগের জন্য একটি হটলাইন নম্বর : ০১৬১৭-৩৩৮০৬৭ দেওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## বেনজীরের সহযোগী নিলয়কে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ

গুমের মামলায় সাবেক আইজিপি বেনজীর আহমেদের সহযোগী রিফাত নিলয় জোয়ার্দারকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। পাশাপাশি, মামলার তদন্ত প্রতিবেদন আগামী ২৩ জুলাই দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। আজ রোববার নিলয়কে আদালতে হাজির করা হলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এ আদেশ দেন। প্রসিকিউশনের তথ্য অনুযায়ী, সাবেক আইজিপি বেনজীর আহমেদের সহযোগী রিফাত নিলয় জোয়ার্দারের প্রত্যক্ষ নির্দেশনা ও প্রশ্রয়ে বলপূর্বক গুমের শিকার হওয়া ভুক্তভোগী মো. মশিউর রহমানসহ একাধিক ব্যক্তিকে বিভিন্ন গোপন বন্দিশালায় আটক রাখা হয়। সেই সঙ্গে গুম হওয়া ব্যক্তিদের ওপর বিভিন্ন ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন করা হয়। যার মাধ্যমে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে বলে প্রাথমিক তদন্তে উঠে এসেছে। প্রসঙ্গত, ধানমন্ডি থানায় দায়ের করা বিস্ফোরক দ্রব্য আইন ও দণ্ডবিধির পৃথক দুটি মামলায় গ্রেফতার হয়ে বর্তমানে কারাগারে রয়েছেন রিফাত নিলয় জোয়ার্দার। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## অনুমতি ছাড়া হজের চেষ্টা, সৌদিতে বাংলাদেশিসহ আটক ১৩

হজের নির্ধারিত নিয়ম ও আইন লঙ্ঘনের অভিযোগে ১২ জন প্রবাসী ও এক সৌদি নাগরিককে আটক করেছে সৌদি আরবের নিরাপত্তা বাহিনী। পৃথক তিনটি অভিযানে তাদের গ্রেফতার করা হয় বলে জানিয়েছে দেশটির হজ নিরাপত্তা বাহিনী। প্রথম অভিযানে মক্কার দুর্গম পাহাড়ি এলাকা ও উপত্যকা ব্যবহার করে অবৈধভাবে প্রবেশের চেষ্টা করার সময় পাঁচ তুর্কি নাগরিককে আটক করা হয়। তাদের কাছে হজ পালনের কোনো বৈধ অনুমতিপত্র ছিল না বলে জানানো হয়েছে। পরে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়। দ্বিতীয় অভিযানে মক্কার নিরাপত্তা টহল দল ভারত ও বাংলাদেশের চারজন প্রবাসীকে আটক করে। অভিযোগ অনুযায়ী, তারা সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া হজ বিজ্ঞাপন প্রচার করে প্রতারণা চালিয়ে আসছিলেন। অভিযানে জাল কার্ড, ভুয়া নথিপত্র ও প্রতারণার কাজে ব্যবহৃত সরঞ্জাম জব্দ করা হয়। পরে তাদের পাবলিক প্রসিকিউশনে পাঠানো হয়েছে। তৃতীয় অভিযানে অবৈধভাবে তিন আফগান নাগরিককে মক্কায় প্রবেশ করানোর চেষ্টার সময় এক সৌদি নাগরিককে আটক করা হয়। আটক আফগান নাগরিকদের কাছেও হজের বৈধ অনুমতি ছিল না বলে জানায় কর্তৃপক্ষ। সৌদি নিরাপত্তা বাহিনী হজের নিয়ম-কানুন কঠোরভাবে মেনে চলার আহ্বান জানিয়ে বলেছে, হাজিদের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে হবে। নিয়ম ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করা হয়েছে। এছাড়া, যে-কোনো সন্দেহজনক কর্মকাণ্ড দেখলে মক্কা, মদিনা, রিয়াদ ও পূর্বাঞ্চলে ৯১১ এবং অন্যান্য অঞ্চলে ৯৯৯ নম্বরে জানানোর অনুরোধ জানিয়েছে কর্তৃপক্ষ। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আইসিআরসি প্রতিনিধিদলের প্রধানের সাক্ষাৎ

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে ইন্টারন্যাশনাল কমিটি অব দ্য রেডক্রস আইসিআরসি বাংলাদেশ প্রতিনিধিদলের প্রধান নিকোলাস ফ্লাউরি সৌজন্য সাক্ষাৎ করেছেন। আজ বাংলাদেশ সচিবালয়ে তার দফতরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে কারাবন্দিদের স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধা নিশ্চিতকরণ, জেল কোড যুগোপযোগীকরণ, পুলিশের সক্ষমতা বৃদ্ধিতে ফার্স্ট এইড ও মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণ এবং রোহিঙ্গা সংকটসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী আইসিআরসি বাংলাদেশ ডেলিগেশনের প্রধানকে স্বাগত জানান। আইসিআরসি'র প্রতিনিধিদলের প্রধান এসময় মন্ত্রীকে এ দায়িত্ব গ্রহণের জন্য আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। আইসিআরসি বাংলাদেশ প্রতিনিধিদলের প্রধান জানান, বাংলাদেশের বিদ্যমান জেল কোড যুগোপযোগী করার লক্ষ্যে তারা প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করেছেন। এছাড়া, কারাগারের অভ্যন্তরে স্বাস্থ্যসুবিধা বৃদ্ধি করতে স্বাস্থ্য মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পাঠানো হয়েছে। এ সময় মন্ত্রী বলেন, কারাগারে বন্দিদের উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ হাসপাতালে প্রেরণ করা হয়। এছাড়া, কারাগারের অভ্যন্তরীণ মেডিকেল ইউনিটের মাধ্যমে প্রাথমিক চিকিৎসা সেবা নিশ্চিত করা হচ্ছে। পুলিশ ও কারা পুলিশের দক্ষতা বৃদ্ধিতে আইসিআরসি'র বিভিন্ন প্রশিক্ষণ প্রস্তাবের প্রশংসা করে মন্ত্রী বলেন, এ ধরনের আয়োজন পেশাদারিত্ব বাড়াতে সহায়ক হবে। নিকোলাস ফ্লাউরি জানান, তারা পুলিশের জন্য ফার্স্ট এইড ও মানবাধিকার এবং পুলিশ ও কারাগারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের জন্য উচ্চতর প্রশিক্ষণ আয়োজনে আগ্রহী। মন্ত্রী

এ বিষয়ে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন এবং আন্তর্জাতিক মানের দক্ষ প্রশিক্ষক প্রেরণের জন্য আইসিআরসিকে অনুরোধ জানান। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## দেশ এখনো পুরোপুরি ফ্যাসিবাদমুক্ত হয়নি : জামায়াত আমির

শোষণমুক্ত ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় কোরবানির শিক্ষা অনুপ্রেরণা জোগায় বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। রোববার আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে এ কথা বলেন তিনি। জামায়াত আমির বলেন, "হজরত ইব্রাহিম (আ.) তার স্ত্রী হজরত হাজেরা ও প্রিয় পুত্র হজরত ইসমাইল (আ.)-এর স্মৃতিবিজড়িত পবিত্র ঈদুল আজহা আমাদের সামনে সমাগত। ঈদুল আজহা আমাদের ত্যাগ ও কোরবানির মহান আদর্শে উজ্জীবিত করে এবং মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য সবকিছু উৎসর্গ করার চেতনা জাগ্রত করে। সামাজিক বৈষম্য দূরীকরণ, শোষণমুক্ত ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় কোরবানির শিক্ষা আমাদের অনুপ্রেরণা জোগায়।" ত্যাগ ও কোরবানির মানসিকতা নিয়ে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার মাধ্যমে ইসলামকে পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে বলে মত দেন তিনি। শফিকুর রহমান বলেন, "দেশ থেকে ফ্যাসিবাদী শক্তি পালিয়ে গেলেও, দেশ এখনো পুরোপুরি ফ্যাসিবাদমুক্ত হয়নি। তারা বিদেশে অবস্থান করে এবং দেশের ভেতরে আত্মগোপনে থেকে নানাভাবে বিশৃঙ্খলা সৃষ্টির অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। দেশ যাতে শান্তি ও স্থিতিশীলতার দিকে এগিয়ে যেতে না পারে, সেজন্য তারা নানা ষড়যন্ত্র-চক্রান্ত করে যাচ্ছে। দেশবাসীকে ঐক্যবদ্ধ হয়ে তাদের সব চক্রান্ত-ষড়যন্ত্র রুখে দিতে হবে। মানবিক বাংলাদেশ প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত আন্দোলন-সংগ্রাম অব্যাহত রাখতে হবে।" (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## মঠবাড়িয়ায় দুইজনকে কুপিয়ে হত্যা

পিরোজপুরের মঠবাড়িয়ায় মাত্র দুই ঘণ্টার ব্যবধানে দুইজনকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। রোববার দুপুরে উপজেলার পশ্চিম সেনের টিকিকাটা ও ফুলঝুড়ি গ্রামে পৃথক দুটি ঘটনায় তাদের হত্যা করা হয়। নিহতরা হলেন, কাপড় ব্যবসায়ী আবদুল কাইয়ুম ও একাধিক মামলার আসামি মো. ইউসুফ শরীফ। থানা ও স্থানীয়দের সূত্রে জানা গেছে, আব্দুল কাইয়ুম নামে এক রেডিমেড কাপড় ব্যবসায়ীকে নিজ বসতঘরে কুড়াল দিয়ে কুপিয়ে হত্যা করে অজ্ঞাত একদল দুর্বৃত্ত। রোববার দুপুর আড়াইটার দিকে এ ঘটনার সময় বাড়িতে তার পরিবারের কেউ ছিলেন না। খবর পেয়ে পুলিশ তার মরদেহ উদ্ধার করে। কী কারণে এ হত্যাকাণ্ড ঘটেছে, তা পুলিশ উদ্‌ঘাটন করতে পারেনি। নিহত কাইয়ূম উপজেলার টিকিকাটা ইউনিয়নের পশ্চিম সেনের টিকিকাটা গ্রামের মো. জালাল হাওলাদারের ছেলে। নিহত ওই যুবক মঠবাড়িয়া শহরের সেতু সংলগ্ন এলাকায় রেডিমেড কাপড়ের ব্যবসা করে আসছিলেন। অন্যদিকে, একই দিনে রোববার সাড়ে ১২টার দিকে উপজেলার ধানীসাফা ইউনিয়নের ফুলঝুড়ি গ্রামে মোহাম্মদ ইউসুফ শরীফ নামের একজনকে জমিসংক্রান্ত বিরোধের জের ধরে নিজ বাড়ির উঠানে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে প্রতিপক্ষের লোকজন। নিহত ইউসুফ শরীফ উপজেলা ফুলঝুড়ি গ্রামের ফজলুল হক শরীফ-এর ছেলে। তার নামে বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে বলে জানা গেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

## দুই বছর পর পুকুর খুঁড়ে উদ্ধার মা-ছেলের কঙ্কাল, গ্রেফতার ৩

নোয়াখালীর সোনাইমুড়ীতে সম্পত্তি ভাগাভাগির দ্বন্দ্বে মা ও শিশুপুত্রকে হত্যার দুই বছর পর পুকুর থেকে তাদের কঙ্কাল উদ্ধার করেছে সিআইডি। এ ঘটনায় নিহত নারীর দুই সৎ ছেলে ও এক নাতিকে গ্রেফতার করা হয়েছে। রবিবার দুপুরে উপজেলার জয়াগ ইউনিয়নের জয়াগ গ্রামের আবু আমিনের বাড়ির পুকুর থেকে ভেকু মেশিন দিয়ে কঙ্কাল দুটি উদ্ধার করা হয়। নিহতরা হলেন- কমলা বেগম (৩২) ও তার ছেলে মো. নোমান (৯)। কমলা একই এলাকার আবুল কালাম আজাদের স্ত্রী। সিআইডি সূত্র জানায়, পারিবারিক সম্পত্তি ভাগাভাগির দ্বন্দ্বে ২০২৪ সালের জানুয়ারিতে কমলা বেগম ও তার শিশুপুত্র নোমানকে হত্যা করে সৎ ছেলে রাজু, সাগর ও নাতি টিপু। তখন শুকনো মৌসুম থাকায় লাশ গুম করতে তাদের বিবস্ত্র অবস্থায় পুকুরে মাটিচাপা দেওয়া হয়। দীর্ঘ তদন্তের পর গ্রেফতার হওয়া সৎ ছেলে রাজু, সাগর ও নাতি টিপুর দেওয়া তথ্যের ভিত্তিতে পুকুর থেকে ভেকু মেশিন দিয়ে মা-ছেলের কঙ্কাল উদ্ধার করা হয়েছে। অতিরিক্ত বিশেষ পুলিশ সুপার ও নোয়াখালী সিআইডির ইনচার্জ মো. রাইছুল ইসলাম বলেন, এ ঘটনায় প্রথমে আদালতে একটি মামলা হয়। পরে সোনাইমুড়ী থানায় একটি জিআর মামলা দায়ের করা হয়। ওই মামলার সূত্র ধরে ঘটনার সঙ্গে জড়িত তিনজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের স্বীকারোক্তির ভিত্তিতে মা-ছেলের কঙ্কাল উদ্ধার করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৫.২০২৬ আসাদ)

# BBC

## LARGE-SCALE RUSSIAN ATTACK ON UKRAINE LEAVES FOUR DEAD AND DOZENS INJURED

Russia has launched a large-scale wave of strikes against Ukraine, firing hundreds of drones and dozens of missiles. Ukrainian President Volodymyr Zelensky said Kyiv was the main target, but other areas were also hit, with at least 83 people injured. Four people were killed in the capital city and its surrounding areas, with explosions heard across the region

overnight into Sunday, and reports of damage to residential buildings and schools. Russia's defence ministry said the Oreshmik hypersonic missile was used in the strikes, which it described as coming in response to Ukraine's "attacks on civilian infrastructure". President Vladimir Putin has accused Ukraine of a deadly strike on a student dormitory in the town of Starobilsk on Friday, in which 21 people were killed.
(BBC News Web Page: 24/05/26, FARUK)

**BLAST TARGETING TRAIN KILLS AT LEAST 20 IN PAKISTAN**

At least 20 people have been killed and 70 others injured in an explosion targeting a train transporting military personnel in Pakistan. The blast occurred while the train was travelling through Chaman Phatak station in Quetta, the capital of the western Balochistan region, on Sunday morning. Railway officials told BBC Urdu that three coaches and the engine were derailed while two were overturned. The shuttle service had primarily been transporting service personnel and their families who had been returning home for Eid. The Balochistan Liberation Army (BLA) separatist group claimed responsibility for the attack, saying it was a suicide bombing. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**SUSPECT KILLED AFTER OPENING FIRE ON SECRET SERVICE NEAR WHITE HOUSE**

A suspect who shot at a White House checkpoint was killed in an exchange of fire with Secret Service agents on Saturday evening, officials have confirmed. The BBC's US media partner CBS has named the suspect as Nasire Best, a 21-year-old man who was known to the protection agency and had a documented history of mental health conditions. US President Donald Trump thanked the officers for their "swift and professional action" in apprehending the gunman, who he said in a Truth Social post had a "violent history and possible obsession with our Country's most cherished structure".
(BBC News Web Page: 24/05/26, FARUK)

**MAN KILLED IN SHARK ATTACK OFF AUSTRALIA'S NORTH-EAST COAST**

A man has died after being attacked by a shark off the coast of the north-eastern Australian state of Queensland, police have confirmed. Emergency services were called to a boat ramp on the Cassowary Coast, between the cities of Cairns and Townsville, just before noon local time on Sunday, following reports of a 39-year-old being attacked while swimming out at a nearby shoal. Queensland Police said in a statement that the man was retrieved from the water but died from his injuries. It is the second fatal shark attack in Australian coastal waters in as many weeks, after a 38-year-old was killed while spearfishing near Perth, in Western Australia, last Saturday. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**RED CROSS VOLUNTEERS DIE FROM SUSPECTED EBOLA IN DR CONGO**

Three Red Cross volunteers died in the Democratic Republic of Congo from suspected Ebola likely caught while managing dead bodies, the organization has said. They are believed to have contracted Ebola on 27 March while working in the eastern region of Ituri on a project unrelated to the virus, before the outbreak was identified. The volunteers are among the first known victims of DR Congo's Ebola outbreak, which has resulted in more than 200 suspected deaths and more than 850 suspected cases. The International Federation of Red Cross and Red Crescent Societies (IFRC) said they had died after serving their communities "with courage and humanity". (BBC News Web Page: 24/05/26, FARUK)

**SEVEN FLOTILLA ACTIVISTS DETAINED IN ISRAEL ARRIVE BACK IN UK**

Seven activists whose Gaza-bound aid flotilla was intercepted in international waters by Israeli forces have returned to the UK after being deported. They were among more than 422 people involved in the Global Sumud Flotilla (GSF), which aimed to break the maritime blockade of Gaza and deliver food and medical aid. The group, who arrived at London Stansted on Saturday via Turkey, told the BBC they witnessed people being "systematically tortured and abused over two days" on Israeli vessels and in prison. More than 50 boats taking part in the GSF set sail from Turkey last Thursday carrying a token amount of aid. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**EAST AFRICA WANTS TO CURB IMPORTS OF USED CLOTHES**

Not even heavy rain can keep shoppers away from Gikomba, a lively Kenyan market that stands as the largest open-air trading hub in East Africa. Sections of the site were waterlogged on the day the BBC visited, yet shoppers, some wearing rubber boots, still inched their way through the congested pathways, hunting for Gikomba's speciality -

second-hand clothing. The trade in garments imported from the US, Europe and China poses a perennial problem for the East African Community (EAC), a regional bloc of which Kenya is a member. "We're competing with second-hand clothing, but we can't compete on price," Zia Bett, founder of Kenyan womenswear brand Zia Africa, tells the BBC. A decade ago, the EAC decried the influx of second-hand clothing and was primed to impose a ban across its member states. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**IDF ORDERS EVACUATION OF TEN VILLAGES IN LEBANON**

The Israel Defense Forces (IDF) is issuing "urgent" warnings to residents in ten villages in southern Lebanon. In a post on X, IDF Arab spokesperson Avichay Adraee says that, "in light of Hezbollah's violation of the ceasefire agreement", the IDF is "compelled to act forcefully against them". Adraee orders people in the area to evacuate their homes and move at least 1,000 metres away from the villages and towns to open areas. Both Israel and Hezbollah have continued to exchange fire since the US-brokered ceasefire came into force last month. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**IRANIAN PRESIDENT SAYS COUNTRY NOT SEEKING NUCLEAR WEAPONS: STATE MEDIA**

Iranian President Masoud Pezeshkian says his country is "ready to assure the world" that it is not seeking nuclear weapons, according to state media. The Islamic Republic News Agency (IRNA) quotes the president in a post on Telegram as saying: "Prior to the martyrdom of Ayatollah Khamenei, Iran's late Leader, we declared - and we reiterate now - that we are ready to assure the world we do not seek nuclear weapons." According to the agency, the president adds that Iran "does not desire regional instability" and that it is "the Israeli regime... that seeks to destabilize the region". But he says Iranian negotiators will not "compromise on the dignity and honour of the country". It comes as US Secretary of State Marco Rubio has hinted that President Donald Trump may make an announcement later on negotiations. (BBC News Web Page: 24/05/26, FARUK)

**IRAN 'MUST NOT BE ALLOWED' NUCLEAR WEAPON: EU COMMISSION PRESIDENT**

Ursula von der Leyen, president of the European Commission, says she welcomes "progress" in US-Iran talks , adding that "Iran must not be allowed to develop a nuclear weapon". She says in a statement on X that a deal must "truly de-escalate" the conflict and guarantee "toll-free full freedom of navigation" for the Strait of Hormuz. Von der Leyen adds that Iran must "end its destabilizing actions in the region", both directly and through its proxies, and also stop its "repeated attacks" on neighbouring Gulf states. "Euro will continue working with international partners to seize this moment for a lasting diplomatic solution," she adds. (BBC News Web Page: 24/05/26, FARUK)

## :: THE END ::